# খৃষ্টানের হিন্দু-সমাজে পুনঃ প্রবেশ সম্বন্ধে ব্যবস্থা।

শ্রীশ্রীদুর্গা

সহায়

# খৃষ্টানের হিন্দু-সমাজে পুনঃ প্রবেশ সম্বন্ধে ব্যবস্থা।

কলিকাতা রাজা গুরুদাসের ষ্ট্রীট নিবাসী বামবাগানের দত্ত-বংশীয় এক যুবা পুরুষ—যিনি "মাষ্টার ইউ কে দত্ত ডাক্তার" বলিয়া পরিচিত—কয়েক বৎসর পূর্ব্বে বিলাত গমন পূর্ব্বক তথায় এবারডিন্ নামক নগরীর ক্যাথোলিক গির্জ্জায় হিন্দুধর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক খৃষ্টান ধর্ম্মে দীক্ষিত হইয়া, জনৈক ইংরাজ স্পিনিষ্টার ( তন্তুবায় ) কন্যার পাণিগ্রহণানন্তর সপরিবারে কলিকাতায় আসিয়া দ্বাদশ বৎসরাধিক কাল একত্র সহবাস দ্বারা ক্রমান্বয়ে কয়েকটি সন্তান উৎপাদন করেন। তৎপরে সেই মহিলা স্বামির চরিত্রে ব্যথিত ও উৎপীড়িত হইয়া, উক্ত ধর্ম্মানুমোদিত ব্যবস্থা ও ইংরাজী আইন অনুসারে উক্ত মাষ্টার দত্তের সহিত বিবাহভঙ্গের দাবিতে কলিকাতার মহামান্য হাইকোর্টে এক অভিযোগ উপস্থিত করায়, উক্ত আদালতের বিচারে বিবাহ ভঙ্গ হয়। এক্ষণে উক্ত মাষ্টার দত্ত সেই সহবাস পরিত্যাগ করিতে বাধ্য হওয়ায়, অথবা অন্য যে কোন কারণেই হউক, পুনরায় হিন্দুধর্ম্ম গ্রহণ পূর্ব্বক হিন্দুসমাজভুক্ত হওয়ার অভিলাষে, কলিকাতা পটলডাঙ্গা নিবাসী বি, এ উপাধিধারী শ্রীযুক্ত জীবানন্দ বিদ্যাসাগরের নিকট তাঁহার পাপের প্রায়শ্চিত্তের ব্যবস্থা লওয়ায় এবং কোন্নগর-

নিবাসী প্রাচীন নৈয়ায়িক মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীযুক্ত দীনবন্ধু ন্যায়রত্ন ঐ বিষয়ে অনুমোদন করায়, দত্তজা মহাশয় কতিপয় কায়স্থের নিকট যাইয়া জ্ঞাপন করেন যে, তিনি পণ্ডিতদিগের ব্যবস্থানুসারে কিঞ্চিৎ কড়ি উৎসর্গ (প্রায়শ্চিত্ত) করিয়া হিন্দুর একটী সংস্কার (দীক্ষা) গ্রহণ করিবেন। এবং তৎপরে তাঁহাকে হিন্দুসমাজ ভুক্ত করিয়া লইবার নিমিত্ত তিনি তাঁহাদিগকে বিশেষ অনুরোধও করেন। ইহাতে কেহ কেহ বলেন যে, যদি প্রায়শ্চিত্ত থাকে, এবং সকলে তাঁহাকে হিন্দুসমাজভুক্ত করিয়া লইতে আপত্তি না করেন, তাহা হইলে, তাঁহাদিগের আপত্তি নাই—এই মর্ম্মে লিখিত একখানি কাগজেও তাঁহারা স্বাক্ষর করিয়াদেন। এবং কেহ কেহ কহেন যে, "কৈ ? খৃষ্টান ত এপর্য্যন্ত পুনরায় হিন্দু হইয়াছে বা হিন্দুসমাজভুক্ত হইয়া ব্যবহৃত হইয়াছে বলিয়া কখনও শুনা যায় নাই ? তবে যদি ইহার ব্যবস্থা থাকে, তাহা হইলে দেশের প্রথানুসারে এই সকল বিষয়ে ধর্ম্মশাস্ত্রব্যবসায়ি স্মার্ত্তপণ্ডিতদিগের অগ্রে ব্যবস্থা গ্রহণ প্রয়োজনীয় ; কারণ, তাঁহারাই এক্ষণে হিন্দুধর্ম্মের ব্যবস্থাপক ও হিন্দু সমাজের নেতা। অতএব, ব্যবস্থাপকগণের ব্যবস্থায় যদি তিনি পুনরায় হিন্দু হইয়া হিন্দুর সহিত ব্যবহার্য্য হইতে পারেন, ও প্রদর্শিত ব্যবস্থানুযায়ী কার্য্য করেন, তাহা হইলে তাঁহাকে হিন্দু-সমাজভুক্ত করিয়া লইতে আমাদিগের কোন আপত্তি হইতে পারে না।" মাষ্টার ইউ কে দত্ত তাহা দুরূহ বিবেচনায় গত ৮ই বৈশাখ তারিখে উল্লিখিত বি, এ, বিদ্যাসাগর মহাশয়ের ব্যবস্থামতে প্রায়শ্চিত্ত করিয়া দীক্ষা গ্রহণ করেন, এবং ঐ কার্য্যোপলক্ষে কতিপয় কায়স্থকে সভাস্থ হইতে আহ্বান করায়, কোন কোন ব্যক্তি সভাস্থও হইয়াছিলেন। আশ্চর্য্যের বিষয় এই যে, উক্ত সভাতে সমন্বয় হওয়ার কোন কথা উল্লেখ না করিয়া কেবল 'মাত্র গীতা পাঠ হইবে' বলিয়া তাঁহার ভ্রাতা অধ্যাপকদিগকেও আহ্বান করেন। পত্রখানি এই রূপ :—

সংখ্যা
চং ৭নং রাজা গুরুদাস ষ্ট্রীট
বাম বাগানতঃ।

দেয়া
শ্রীশ্রীহরির্জয়তি।
শ্রীস্বরেন্দ্র কৃষ্ণ দত্ত দাসস্য।

পরমপূজনীয়াশেষশাস্ত্রাধ্যাপক
শ্রীযুক্ত ভট্টাচার্য্য মহাশয়
শ্রীচরণাম্বুজেষু।

যেষেনজীবপ্রমভার্গবাহে
গীতা সুগীতা ভবিতাস্মদীয়ে।
গেহে সুধীয়াঃ কৃপয়া সমেতা
পূর্ণেতি যাচ্ঞা মম সংনতস্য॥
তদ্দিনে বেলা ৫ ঘটিকাসময়ে স্বয়মাগন্তব্যম্।

এইরূপ লেখাতে কতিপয় অধ্যাপক অজ্ঞানতঃ বিদায় গ্রহণও করেন, কিন্তু, পরে প্রকৃত অবস্থা জানিতে পারিয়া বিদায় ফেরৎ দিয়াছেন, এবং নিজে নিজে প্রায়শ্চিত্তও করিয়াছেন। অনেকে অগ্রে জানিতে পারিয়া সভায় উপস্থিত হন নাই। আসল বিষয়ের কিছুই উল্লেখ না করিয়া এইরূপ পত্রের দ্বারা অধ্যাপক নিমন্ত্রণ করায় স্পষ্ট বোধ হইতেছে যে, মাষ্টার দত্ত যখন এই কার্য্য করেন তখন নিশ্চয়ই জানিতেন যে, তিনি যে কার্য্য করিতেছেন তাহা শাস্ত্র ও ব্যবহারসঙ্গত নহে, কারণ তাহা হইলে আসল বিষয় উল্লেখ না করেন কেন? শুনিলাম তাঁহার উপযুক্ত ব্যবস্থাপক স্বয়ং উপস্থিত থাকিয়া তাঁহার ঐ সকল কার্য্য সম্পন্ন করিয়াছেন। পরে আমরা এই বিষয়ে প্রকাশ্য সভা করিয়া আন্দোলন করার অভিপ্রায়ে হাতিবাগাননিবাসী শ্রীযুক্ত বাবু নবীন চাঁদ দত্ত মহাশয়ের নিকট তাঁহার মত জানিবার জন্য গমন করায়, তথায় কয়েকটী হাটখোলার দত্ত বংশীয় সন্তান, যাঁহারা উক্ত মাষ্টার দত্তের কার্য্যে অনুমোদন করিয়াছিলেন, তাঁহারা উপস্থিত থাকায়, সকলের এই মত হয় যে, অস্মৎদেশের প্রচলিত ধর্ম্মশাস্ত্রে এইরূপ ব্যক্তিকে সমাজভুক্ত করার ব্যবস্থা আছে কি না তাহা জানা উচিত। এই জন্য সকলের অভিপ্রায় মতে নিম্নলিখিত পত্রের দ্বারায় কতিপয় প্রধান

প্রধান শাস্ত্রজ্ঞকে পাথুরিয়াঘাটা নিবাসী শ্রীযুক্ত বাবু রমানাথ ঘোষ মহাশয়ের বাটীতে আহ্বান করা হয় ; পত্রখানি এই—

শ্রীশ্রীদুর্গা।

গতির্মম।

প্রণাম সংখ্যাতিরিক্ত নিবেদনঞ্চবিশেষ—

মহাশয়ের শ্রীচরণ প্রসাদাৎ এ সেবকদিগের ঐহিক ও পারত্রিকের নিস্তার হয় পরং--নিবেদন, সম্প্রতি একটী ব্যবস্থা জানিবার বিশেষ আবশ্যক হওয়ায় মহাশয়কে স্মরণ করিতে বাধ্য হইলাম। যথা—কোন হিন্দুসন্তান বিলাত গমনপূর্ব্বক হিন্দুধর্ম্ম পরিত্যাগ করতঃ খৃষ্টানধর্ম্মাবলম্বী হইয়া ইংরাজরমণীর পাণিগ্রহণানন্তর দ্বাদশবৎসরাধিক কাল তৎসহবাসে থাকিয়া সন্তানোৎপাদন করেন, পরে সেই পত্নী ইংরাজী আইন বলে মহামান্য হাই-কোর্টের বিচারে উক্ত স্বামীকে পরিত্যাগ করিয়া তৎঔরসজাত সন্তানগণকে নিজাশ্রয়ে রাখিয়াছেন। এক্ষণে পুনরায় উক্ত ব্যক্তি হিন্দুধর্ম্ম গ্রহণে অধিকারী কি না? এবং সনাতন ধর্ম্মশাস্ত্রের মতে তৎপক্ষে কোন প্রায়শ্চিত্ত ব্যবস্থা আছে কি না? এই বিষয়ের চূড়ান্ত বিচার করিবার জন্য মহাশয়ের শ্রীচরণদর্শনাভিলাষী হইয়াছি। অতএব আগামী ৭ই জ্যৈষ্ঠ রবিবার বেলা ৩ ঘটিকার সময় স্বর্গীয় মহাত্মা খেলচন্দ্র ঘোষ মহাশয়ের সনাতন ধর্ম্মরক্ষিণী সভাগৃহে স্বয়ং শুভাগমনপূর্ব্বক বিহিত ব্যবস্থা স্থির করিতে আজ্ঞা হয়। আরও নিবেদন যে, এই বিষয়ে ধর্ম্মশাস্ত্রের বচন ও নিবন্ধকারদিগের ব্যাখ্যা সম্বলিত আপনার নিজ ব্যবস্থাপত্র ও প্রমাণগ্রন্থ সমভিব্যাহারে উক্ত সভায় যোগদান করিতে আজ্ঞা হয়। শ্রীচরণে নিবেদন ইতি। তারিখ ২রা জ্যৈষ্ঠ সন ১৩০১।

সনাতন ধর্ম্মরক্ষিণী সভাগৃহ।
৪৭ নং পাথুরিয়া ঘাটা ষ্ট্রীট.
কলিকাতা।

শ্রীনবীনচাঁদ দত্ত দাসস্য।
শ্রীকুমুদকৃষ্ণ মিত্র দাসস্য।
শ্রীনন্দলাল বসু দাসস্য।
শ্রীরমানাথ ঘোষ দাসস্য।

এই সভায় দত্তবাবুর পূর্ব্বোক্ত ব্যবস্থাপক শ্রীযুক্ত জীবানন্দ বিদ্যাসাগর মহাশয়কে তাঁহার নিজ ব্যবস্থা সমর্থন করিবার জন্য আহ্বান করা হইয়াছিল। দুঃখের বিষয় এই, বিদ্যাসাগর মহাশয় নানা প্রকার অযথা ও অসংলগ্ন কারণ দর্শাইয়া উক্ত সভাতে আসিতে অসম্মত হইলেন। তাঁহার সহিত আমাদিগের এ সম্বন্ধে যে সমস্ত পত্রাদি চলিয়াছিল তাহা এই—

FROM

PANDIT JIBANANDA VIDYASAGARA, B. A

Superintendent Free Sanskrit College

of Calcutta.

পরম কল্যাণীয় শ্রীযুক্ত নবীন চাঁদ দত্ত

মহাশয় সমীপেষু

আশীঃ পূর্ব্বঃসরা বিজ্ঞপ্তিঃ—

আপনার ও কুমুদ মিত্র প্রভৃতি আর তিনজনের নাম স্বাক্ষরিত ১ খানি পত্র ডাক যোগে আমার নিকট আসিয়াছে ঐ পত্রে আমাকে পাথুরিয়াঘাটার সনাতন ধর্ম্মসভায় অধিষ্ঠান হইতে অনুরোধ করা হইয়াছে তদ্বিষয়ে আমার মন্তব্য এই যে, যে সনাতন ধর্ম্ম সভা হইতে কলের জল অতি পবিত্র এবং তদ্দ্বারা নারায়ণের পূজা হইতে পারে এই প্রকার ব্যবস্থা বাহির হইয়াছিল এবং তজ্জন্য আমার পিতৃদেব ঐ সভা পরিত্যাগ করিয়া আইসেন, সে সভায় আমি কদাচ যাইতে পারি না। মহাশয়ের নিজের বাটীতে যদি একটি স্বতন্ত্র সভা হয় তা হইলে আমি যাইতে পারি কিম্বা কোন সাধারণ স্থলে অর্থাৎ এলবর্ট্ হল্ প্রভৃতি স্থলে একটী সভা হয় এবং সভার আহ্বানকর্ত্তা ১জন গণ্য মান্য ব্রাহ্মণ হন তাহা হইলে আমি সভায় উপস্থিত হইয়া শাস্ত্রের মীমাংসা করিয়া দিতে প্রস্তুত আছি। অন্যান্য ব্রাহ্মণ পণ্ডিতেরা অর্থলোভে যথেচ্ছাচার—দুই রকম বিরোধিনী—ব্যবস্থা দিয়া থাকেন, আমি শাস্ত্রের যথার্থ মর্ম্মানুসারে বিনা অর্থে ব্যবস্থা দিয়া থাকি ইহা আপনি জানেন। অলমিতি

আশীর্ব্বাদকস্য

শ্রীজীবানন্দ বিদ্যাসাগরস্য।

This letter is forwarded to Babu Kumud Krishna mitter for perusal and information received through Dr U. K Dutt

Nobin Chaund Dutt

This letter is without date received 18th May at 2½ p m from N C Dutt

K K M

---

শ্রীশ্রীদুর্গা।

শরণং।

পরম পূজনীয় পণ্ডিত প্রবর

শ্রীযুক্ত জীবানন্দ বিদ্যাসাগর বি এ

মহাশয় শ্রীচরণেষু

প্রণাম শতকোটি নিবেদন মিদং।—

গত কল্য বেলা ১১টার সময় ডাক্তার ইউ কে দত্ত মহাশয়ের নিকট হইতে আপনার প্রেরিত আশীর্ব্বাদি পত্র প্রাপ্ত হইয়া তাহার মর্ম্মাবগত হইলাম এক্ষণে সেই পত্রের প্রত্যুত্তর শ্রীমান রমানাথ ঘোষ বাবাজিউ তথা শ্রীযুক্ত বাবু নন্দলাল বসুজ এবং শ্রীযুক্ত বাবু কুমুদ কৃষ্ণ মিত্রজ মহাশয়দিগের সহিত একত্রে যুক্তি করিয়া লিখিতেছি:—

মহাশয় লিখিয়াছেন যে সনাতন ধর্ম্মরক্ষিণী সভা হইতে বর্ত্তমানে মহাশয়কে আহ্বান করা হইয়াছে কিন্তু তাহা নহে। বোধ হয় আহ্বান পত্রের মর্ম্ম মহাশয় অন্যবিধ রূপে গ্রহণ করিয়াছেন। আরো মহাশয় লিখিয়াছেন আমার বাটীতে পণ্ডিত সমিতি হইলে আপনি আগমন করিতে পারেন।

প্রথমে উক্ত সমিতি আমার বাটীতে হইবার কথা ছিল কিন্তু সম্প্রতি এ বাটীতে একটী দুর্ঘটনা হওয়ায় আমারই প্রস্তাব মত আপনাদের আহ্বান পত্রে লিখিত স্থান স্থিরীকৃত করিয়া কলিকাতার ও বাহিরস্থ কতিপয় পণ্ডিত মহোদয়দিগকে আহ্বান করা হইয়াছে; এক্ষণে স্থান পরিবর্ত্তনের কোন সুবিধা হইতে পারে না। বিশেষত যে সকল ব্যক্তির আহ্বানেতে তাঁহাদিগের প্রত্যেকের ভবনে মহাশয়ের শুভাগমন হইয়া থাকে, তাঁহারাই আপনাকে উপস্থিত আহ্বান করিয়াছেন এক্ষণে মহাশয়ের তাঁহাদের আহ্বান গ্রহণ না করার সম্বন্ধে অনভিমত প্রকাশ করা যুক্তিযুক্ত নহে। বিশেষত আপনি সম্প্রতি

যে একটী ব্যবস্থা দিয়াছেন তৎসম্বন্ধে চূড়ান্ত সিদ্ধান্ত হইবার সময় আপনার উপস্থিতি নিতান্ত আবশ্যক তবে যদি মহাশয়ের একান্তই সনাতন ধর্ম্মরক্ষিণী সভাগৃহে আসিতে আপত্তি থাকে তাহা হইলে আমার ভ্রাতষ্পুত্র শ্রীমান রমানাথ ঘোষ বাবাজীউর বাটীর অন্য কোন একটী ঘরে আপনারা সকলে অধিষ্ঠান পূর্ব্বক তৎকার্য্য সমাধা করিবেন। বিশেষত আপনি যখন স্পষ্টাক্ষরে লিখিয়াছেন "অন্যান্য ব্রাহ্মণ পণ্ডিতেরা অর্থলোভে যথেচ্ছাচার—দুই রকম বিরোধিনী—ব্যবস্থা দিয়া থাকেন আমি শাস্ত্রের যথার্থ মর্ম্মানুসারে বিনা অর্থে ব্যবস্থা দিয়া থাকি" এমত বিধায় মহাশয়ের ন্যায় পণ্ডিতের উক্ত পণ্ডিত সমিতিতে শুভাগমন সর্ব্বতোভাবে প্রার্থনীয়। ইহা শ্রীচরণে নিবেদন ইতি। সন ১৩০১ সালের তাং—৮ই জ্যৈষ্ঠ।

প্রণত

শ্রীনবীন চাঁদ দত্ত দাসস্য।

শ্রীশ্রীহরি জয়তি।

From

PANDIT JIBANANDA VIDYSAGARA B A

Superintendent Free Sanskrit College

of Calcutta

পরম কল্যাণ ভাজন শ্রীযুক্ত বাবু নবীন চাঁদ দত্ত মহাশয় দীর্ঘজীবিতেষু আশীঃপুরঃসর বিজ্ঞপ্তিরিয়ং

ভবৎপ্রেরিত ৬ই জ্যৈষ্ঠ তারিখের পত্র অদ্য বেলা ১২ ঘটিকার সময় প্রাপ্ত হইলাম। শ্রীযুক্ত রমানাথ ঘোষ মহাশয়ের সহিত আমার অতিশয় সদ্ভাব আছে এবং তিনি আমাকে নিমন্ত্রণ করিলে আমি তাঁহার বাটীতে গিয়া থাকি. কিন্তু ২রা জ্যৈষ্ঠ তারিখের মুদ্রিত পত্রে " সনাতন ধর্ম্মরক্ষিণী সভাগৃহে স্বয়ং শুভাগমন পূর্ব্বক বিহিত ব্যবস্থা স্থির করিতে আজ্ঞা হয় " এইরূপ উল্লেখ থাকাতে চারিজনেই উক্ত সভার কর্ম্মচারীরূপে ব্রতী হইয়া আমাকে আহ্বান করিতেছেন, ইহা স্পষ্ট বুঝাইতেছে। সুতরাং আমি কেমন করিয়া তথায় যাইতে পারি? যদি শ্রীযুক্ত রমানাথ ঘোষ মহাশয় একটি তাঁহার গৃহে

আমাকে আহ্বান করিতেন কিম্বা আপনাদের অন্যতম কোন ব্যক্তি আমাকে স্ব স্ব ভবনে আহ্বান করিতেন তাহা হইলে আমার যাইবার বাধা হইত না। ঐ পত্রে যখন আপনারা স্পষ্টরূপে উল্লেখ করিয়াছেন যে, এই পত্র সভাগৃহ হইতে প্রেরিত হইল, তখন স্পষ্ট বুঝা যাইতেছে যে এই পত্র সভাকর্ত্তৃক প্রেরিত। অন্যথা আপনাদের চারিজনের নাম স্বাক্ষর কেন? আমার পূজ্য পাদ পিতৃদেব ঐ সভাকে যখন হেয়জ্ঞানে ঘৃণা করিয়া পরিত্যাগ করিয়াছেন, তখন কোন্ সুপুত্র পিতৃবিদ্বেষিণী সেই সভাতে যাইতে পারে? গত পরশ্ব রাত্রিকালে আপনার সহিত আমার যে কথোপকথন হইয়াছিল তাহাতে আপনি নিজেই আমাকে বলিয়াছেন যে, "ঐ পিতৃবিদ্বেষিণী সভায় আপনার যাওয়া উচিত নহে" ফলকথা, আপনারা চারিজনেই আমার পরম বন্ধু, কিন্তু সনাতন ধর্ম্মরক্ষিণী সভার কর্ম্মচারিরূপে ব্রতী হওয়াতে আপনারা আমার পূজ্যপাদ পিতৃদেবের অনভিমত বলিয়া মহাশয়দিগের অনুরোধ রক্ষা করিতে পারিতেছি না। "খৃষ্টান হইয়া কোন শূদ্র ব্যবহার্য্য হইতে পারিবে কি না," এ সম্বন্ধে আমার পূজ্যপাদ পিতৃদেবের প্রায় ৩০ বৎসর প্রকাশিত যে ব্যবস্থা পত্র ছিল তাহা পণ্ডিতবর শ্রীযুক্ত শম্ভুচন্দ্র বিদ্যারত্ন মহাশয় আমার পিতৃদেবের জীবনচরিতে মুদ্রিত করিয়াছেন। ঐ মুদ্রিত ব্যবস্থা পরশ্ব তারিখে আমি আপনাকে দিয়াছি। আপনাদের সভার কোন পণ্ডিতের ক্ষমতা থাকে, ঐ ব্যবস্থার প্রতিবাদ করুন। অলমতিবিস্তারেণ।

আশীর্ব্বাদক—
শ্রীজীবানন্দ শর্ম্মণঃ।

---

পণ্ডিতবর শ্রীযুক্ত দীনবন্ধু ন্যায়রত্নও প্রথমে উক্তসভায় আসিবেন না বলিয়া যে এক খানি পত্র লিখেন তাহা এই :—

শ্রীশ্রীদুর্গা জয়তি।

সনাতন ধর্ম্মরক্ষিণী সভার পত্রপ্রেরক শ্রীযুক্ত বাবু নবীন চাঁদ দত্ত প্রভৃতি
মহাশয়গণ সমীপেষু

অদ্য শ্রীযুক্ত জীবানন্দ বিদ্যাসাগর মহাশয়ের নিকট অবগত হইলাম, কল্য রবিবার সনাতন ধর্ম্মরক্ষিণী নামক সভাতে তাঁহার পিতৃদেবের অনুমত্যানুসারে

তিনি তথায় গমন করিবেন না। মহাশয় পূর্ব্বে যে কয়েকটি অধ্যাপক পণ্ডিত মহাশয়দিগের মত অবগত হইবার নিমিত্ত স্থির করিয়াছিলেন, তাঁহাদিগকে বুঝাইয়া দিব। আর পাদরি সাহেবদিগের অধীনস্থ যে কয়েকটী জীবিকা-ভঙ্গভয়াতুর পণ্ডিতগণ প্রতিবাদ করিতে ইচ্ছা করিতেছেন, আমি তাঁহাদিগকে বুঝাইয়া দিলেও তাঁহাদিগের কাল্পনিক প্রতিবাদে ক্ষান্ত হইতে পারিবেন না। অতএব আমার যাওয়াও নিষ্প্রয়োজন বোধ করি। কিমধিকমিতি।

আশীর্ব্বাদক

শ্রীদীনবন্ধু দেবশর্ম্মণাম্।

পরে তিনি কিন্তু (কি ভাবিয়া বলা যায় না) উক্ত সভাতে আসিয়া অনেক তর্কবিতর্ক করেন। সে দিন সভাস্থ অপর সকল পণ্ডিতদিগের এই শাস্ত্রোক্ত মত স্থির হয় যে, খৃষ্টানের প্রায়শ্চিত্ত ব্যবস্থা হিন্দু শাস্ত্রে নাই। মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীযুক্ত দীনবন্ধু ন্যায়রত্ন মহাশয় ন্যায়ের সূক্ষ্ম তর্কের দ্বারা বিচারান্তে সর্ব্ব সমক্ষে বলিলেন যে, "সে ব্যক্তি যখন হিন্দু কুলে জন্মগ্রহণ করিয়াছে তখন সে যতই কেন পাপ করুক, তাহার প্রায়শ্চিত্ত ব্যবস্থা আছে; এই ব্যক্তির পক্ষে কি ব্যবস্থা হওয়া উচিত তাহা আমি পরে দিব। প্রায়শ্চিত্ত করিলে তাহার পাপ যাইতে পারে বটে, কিন্তু, সে সমাজে কদাচ ব্যবহার্য্য হইবে না।" সে দিন যে সমস্ত মহামহোপাধ্যায় পণ্ডিতগণকে আহ্বান করা হয়, তন্মধ্যে কেহ কেহ তাঁহাদের বিশেষ প্রয়োজন বশতঃ উপস্থিত হইতে না পারায়, ব্যবস্থাটী সম্পূর্ণ না হওয়ায়, তাঁহাদিগকে পুনরায় আহ্বান করা হয়। অধিকাংশ পণ্ডিতের মতে খৃষ্টানের কোন প্রায়শ্চিত্ত নাই বলিয়াই স্থির হয়। আর কতিপয় পণ্ডিত মরণ কিম্বা ২৪ বৎসরের ব্রত প্রায়শ্চিত্ত ব্যবস্থা করিয়াছেন। কিন্তু প্রায়শ্চিত্ত করিলেও যে ব্যবহার্য্য নহে ইহা সকলেই বলিয়াছেন। ৺কাশীধাম, নবদ্বীপ, বিক্রমপুর, পূর্ব্বস্থলী, বিল্বপুষ্করিণী, ভট্টপল্লী, নড়াল, মুরসিদাবাদ, কলিকাতা, প্রভৃতি সকল প্রধান প্রধান স্থানের মহামহোপাধ্যায়গণ শাস্ত্রের ও নিবন্ধ-

কারদিগের টীকা দৃষ্টে পুঙ্খানুপুঙ্খরূপে বিচার পূর্ব্বক, "খৃষ্টানের প্রায়শ্চিত্ত করিয়া পাপ ক্ষয় করার, ও পুনরায় হিন্দু সমাজভুক্ত হইয়া চলিত হওয়ার পক্ষে কোন উপায় দেখা যায় না" বলিয়া ব্যবস্থা দিয়াছেন; যদিও কাহাবও কাহারও মতে পাপ ক্ষয় হওয়াব ব্যবস্থা আছে বটে, কিন্তু, প্রায়শ্চিত্ত দ্বারা পুনরায় সমাজ-ভুক্ত হইয়া ব্যবহার্য্য হওয়ার পক্ষে সকলে একবাক্যে অমত করিয়াছেন।

এইরূপে পরিণামদর্শী হিন্দুঋষি, স্বধর্ম্মত্যাগকারীকে পরিণামে নানাবিধ বিষময় ফল ভোগ করিতে হয় দেখিয়াই, সাবধান হইবার নিমিত্ত কহিয়া গিয়াছেন—

"স্বধর্ম্মে নিধনং শ্রেয়ঃ পরধর্ম্মো ভয়াবহঃ।"

এক্ষণে আমরা সেই ঋষিবাক্য রক্ষার জন্য, হিন্দু সমাজেব ভাবী মঙ্গলের জন্য, সমগ্র হিন্দুমণ্ডলীর নিকট সানুনয়ে নিবেদন করিতেছি যে, হিন্দুসন্তানগণ যেন আশার প্রলোভনে মুগ্ধ হইয়া, যৌবনমদে মত্ত হইয়া, পিতৃপৈতামহিক ধর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক প্রথমতঃ সুখ কিন্তু শেষে সর্ব্বনাশরূপ পরধর্ম্ম গ্রহণ না করেন। কাবণ যেরূপ বৃক্ষ হইতে পত্র একবাব বৃন্তচ্যুত হইলে আর সংলগ্ন হয় না; মুখামৃত একবার পরিত্যক্ত হইলে আর গলাধঃকরণ করা যায় না, সেইরূপ হিন্দুসমাজ একবার যাহাকে ম্লেচ্ছ বলিয়া ত্যাগ করিয়াছে আবার তাহাকে হিন্দু বলিয়া সাদরে গ্রহণ করিতে পারে না। কেন না হিন্দুর এই শোচনীয় অবস্থাতেও হিন্দু এখনও জানেন যে, তাঁহার আচার পবিত্রতাময়! এবং তাঁহার ধর্ম্ম সত্যময়!! হিন্দু আপনার পবিত্র আচারে ম্লেচ্ছের অপবিত্রতা মিশাইতে ইচ্ছা কবেন না। হিন্দু জানেন যে, দুগ্ধে দধি মিশাইলে দধি হয়; সত্যে মিথ্যা মিশাইলে মিথ্যা হয়, তাই হিন্দুসমাজচ্যুত ব্যক্তিকে আর সমাজভুক্ত করিতে পারেন না। অপবিত্র ডোবার জল পবিত্র

গঙ্গাজলে মিশান যায় না !! ইহাই হইল যুক্তি। এক্ষণে দেখা যাউক শাস্ত্রবেত্তা পণ্ডিতগণ শাস্ত্র হইতে ইহার কি ব্যবস্থা দিয়াছেন ঃ—

## প্রায়শ্চিত্তপক্ষে ব্যবস্থা

নং ১

শ্রীশ্রীরামঃ

শরণং

জ্ঞানতোম্লেচ্ছদেশগমনাসকৃৎম্লেচ্ছস্ত্রীগমন-গোমাংসাদ্যভক্ষ্য-ভক্ষণ-ম্লেচ্ছস্ত্রীপুত্রোৎপাদন-স্বধর্মত্যাগাদিবহুবিধনিন্দিতকর্মানুষ্ঠানজনিতপাপক্ষয়কামেন কেনচিম্লেচ্ছসমেন মরণরূপং প্রায়শ্চিত্তং তদ্বৈকল্পিপ্রক্তং দ্বিশতগোদক্ষিণকং চতুর্বিংশতিবার্ষিকব্রতম্বা প্রায়শ্চিত্তং করণীয়ম্। প্রক্রান্ত-পাপস্যাতিশয়গুরুত্বাচ্চতুর্বিংশতিবার্ষিকব্রতন্যূনক্লেশসাধ্যং তদনুকল্পধেনুদানাদিরূপং প্রায়শ্চিত্তং নাস্য সম্ভবতি।

কৃতেঽপ্যুক্তচতুর্বিংশতিবার্ষিকব্রতরূপে প্রায়শ্চিত্তে প্রায়শ্চিত্তকর্তুরব্যবহার্য্যত্বং নাপগচ্ছতি। অত্র চ বিবেককৃতাং মরণং তদ্বৈকল্পিকত্বেন চতুর্বিংশতিবার্ষিকব্রতং বেত্যেতাবন্মাত্রোক্ত্যা তন্মাত্রমেব প্রায়শ্চিত্তং, ন তু চতুর্বিংশতিবার্ষিকব্রতানুকল্পধেনুদানাদিকং। অপিচ সমত্বকথনাৎ কৃতেঽপ্যুক্তপ্রায়শ্চিত্তে কর্তুর ব্যবহার্য্যতা চেত্যাদিকমভিপ্রেতং সুস্পষ্টমবগম্যতে ইতিবিদুষাং পরামর্শঃ—

শ্রীরামঃ

শ্রীশিবরাম সার্ব্বভৌম দেবশর্ম্মণাম্

শ্রীমধুসূদন স্মৃতিরত্ন দেবশর্ম্মণাং

শ্রীহৃষীকেশ শাস্ত্রি দেবশর্ম্মণাং

ভট্টপল্লীনিবাসিনাম্

নং ২

শ্রীশ্রীদুর্গা

এতল্লিপ্যনুসারেণ জ্ঞানতোঽত্যন্তাভ্যস্তম্লেচ্ছান্নভোজন-ম্লেচ্ছধর্ম্মগ্রহণ-ম্লেচ্ছস্ত্রীপরিগ্রহ-তদপত্যোৎপাদনাদিকর্ত্তুঃ কৃত-যথোক্তপ্রায়শ্চিত্তস্যাপি ব্যবহার্য্যতা ন ভবতীতি বিদুষাং পরা-মর্শঃ।

## অত্র প্রমাণম্।

"চাণ্ডালান্ত্যস্ত্রিয়ো গত্বা ভুক্ত্বা চ প্রতিগৃহ্য চ। পতত্য-জ্ঞানতোবিপ্রো জ্ঞানাৎ সাম্যন্তু গচ্ছতীতি মনুবচনম্।" "প্রায-শ্চিত্তৈরপৈত্যেনো যদজ্ঞানকৃতং ভবেৎ। কামতোঽব্যবহার্য্যস্তু বচনাদিহ জায়তে ইতি যাজ্ঞবল্ক্যবচনম্"। "নাস্যাস্মিন্ লোকে প্রত্যাসত্তির্বিদ্যতে কল্মষন্তু নিহন্যতে ইত্যাপস্তম্ববচনম্"।

জ্ঞানে তু তত্তুল্যতয়া দ্বিগুণব্রতাচরণেঽপি নব্যবহার্য্য ইতি স্মার্ত্তসন্দর্ভাদি চ।

মহামহোপাধ্যায়োপাধীনাম্—

শ্রীচন্দ্রকান্ত শর্ম্মণাম্

সাকিম্ কলিকাতা সংস্কৃত কলেজ।

নং ৩

## ভাবার্থ ব্যবস্থা

যদিও স্পষ্টরূপে বলেন নাই, কিন্তু শাস্ত্রাদির কথোপকথনে

যেরূপ ভাব প্রকাশ করিয়াছেন, তাহাতে মরণরূপ প্রায়শ্চিত্ত পক্ষে যে তাঁহার মনোগত অভিপ্রায় তাহার আর সন্দেহ নাই; তবে পাপী কর্ত্তৃক জিজ্ঞাসিত না হইলে ব্যবস্থা দিবেন না প্রকাশ করিয়াছেন।

মহামহোপাধ্যায় শ্রীমহেশচন্দ্র ন্যায়রত্ন

সাকিম্ কলিকাতা সংস্কৃত কলেজ।

নং ৪

## মৌখিক ব্যবস্থা

২৪ বৎসরের ব্রত প্রায়শ্চিত্ত এবং অব্যবহার্য্যতা থাকিবে।

মহামহোপাধ্যায় শ্রীদীনবন্ধু ন্যায়রত্ন

সাকিম্ কোন্নগর।

নং ৫

## ৺কাশীধামের ব্যবস্থা

শ্রীবিশ্বেশঃ

শরণং

অসকৃৎম্লেচ্ছস্ত্রীগামিনস্তদুৎপাদিতপুত্রস্য চ প্রায়শ্চিত্তাধিকারিতা স্বধর্ম্মাচরণং ব্যবহার্য্যত্বঞ্চ শাস্ত্রতো যুজ্যতে নবেতি প্রশ্নেষু প্রত্যুত্তরমিদম্।—

কথঞ্চিৎ প্রায়শ্চিত্তং কৃতবতাপি সর্ব্বধর্ম্মবহিষ্কৃতেন তাদৃশেন শূদ্রেণ ব্যবহারো ন কর্ত্তব্য ইতি ভগবতা মনুনা গুর্ব্বঙ্গনাগমনস্য মহাপাপত্বং নিরূপ্য তৎপ্রায়শ্চিত্তঞ্চাভিধায়,—

"গুরুতল্পব্রতং কুর্য্যাদ্রেতঃ সিক্ত্বা স্বযোনিষু।
সখ্যুঃ পুত্রস্য চ স্ত্রীষু কুমারীষন্ত্যজাসু চ"॥

ইত্যনেনানুপাতককোটিপরিগণিতস্যান্ত্যজস্ত্রীগমনস্য মহাপাতক

তুল্যতোপদেশাৎ বুদ্ধিকৃতে মহাপাতকে তদতিদিষ্টানুপাতকে চাব্যবহার্য্যতাপ্যাগমসিদ্ধা যথৈতদ্বিষয়মাপস্তম্বীয়ম্। নাস্যাস্মিন্ লোকে প্রত্যাসত্তির্বিদ্যতে কল্মষস্তু নিহন্যত ইতি প্রত্যাসত্তির্ব্যবহৃতিঃ, মহাপাতকান্তঃপাতিনি জ্ঞানতো ব্রহ্মবধে প্রতিপাদিতশ্চায়মর্থো মানবে।—

"ইয়ং বিশুদ্ধিরুদিতা প্রমাপ্যাকামতোদ্বিজং।
কামতো ব্রাহ্মণবধে নিষ্কৃতির্ন বিধীয়তে, কামতস্তু প্রবৃত্তানাং নিষ্কৃতির্ন বিধীয়তে"

ইত্যন্যত্রাপি, অত্র নিষ্কৃত্যভাবোঽব্যবহার্য্যতার্থঃ। স্যাত্ত্বকামকৃতে যত্তু দ্বিগুণং বুদ্ধিপূর্ব্বকে, ইত্যঙ্গিরসা দ্বৈগুণ্যবিধানাৎ—

"প্রায়শ্চিত্তৈরপৈত্যেনো যদজ্ঞানকৃতং ভবেৎ।
কামতোঽব্যবহার্য্যস্তু বচনাদেব জায়তে,"

ইত্যেতৎপরেণ যোগীশ্বরেণ তদর্থস্য স্ফুটীকৃতত্বাচ্চ। আপস্তম্বেন তু প্রত্যুতাত্রৈব বিষয়ে প্রায়শ্চিত্তাভাবো দর্শিতঃ।

"অন্ত্যজাসু প্রসূতানাং প্রায়শ্চিত্তং ন বিদ্যতে।
নির্ব্বাসনং কৃতাঙ্কস্য তস্য কার্য্যং ন সংশয়ঃ।"

বস্তুতস্তত্রাপ্যয়ং প্রতিষেধঃ কৃতেপি প্রায়শ্চিত্তে নরকোৎপাদিকায়াঃ শক্তের্নাশেপি পাতকস্য ব্যবহারবিরোধিকাশক্তিরস্ত্যেবেতি জ্ঞাপয়তি তত্তু নির্ব্বাসনং কৃতাঙ্কস্যেত্যাদিনা উত্তরার্দ্ধেন সূচিতং অতএব—

"চাণ্ডালান্ত্যস্ত্রিয়ো গত্বা ভুক্ত্বা চ প্রতিগৃহ্য চ।
পতত্যজ্ঞানতো বিপ্রঃ জ্ঞানাৎসাম্যন্তু গচ্ছতি।"

চাণ্ডালীগমনে তৎসাম্যমবাপ্নুয়াদিতি মনুবিষ্ণুভ্যাং তজ্জাতি-

সাম্যমাপাদিতং। তত্র প্রাগুক্তবাক্যে বিপ্রপদং চাতুর্ব্বর্ণ্যো-পলক্ষণং উত্তরত্র বিষ্ণুসূত্রে সামান্যতোভিধানাৎ অনুপাতকস্য বর্ণমাত্রং প্রতি সাধারণ্যাচ্চ। এবঞ্চ প্রায়শ্চিত্তাভাবশ্রবণেন তজ্জাতিসাম্যপ্রতিপাদনেনচপাতকিনো বর্ণাশ্রমধর্ম্মেষনধিকারিত্ব-মপ্যুক্তং ভবতীত্যলংপল্লবিতেন। প্রায়শ্চিত্তবিবেককারাদয়ো-প্যেবমেবেতি বারাণসীস্থবিদুষাং সম্মতম্ ॥

শ্রীকাশীনাথঃ

শরণং

বারাণসীস্থসংস্কৃতপাঠশালা-দর্শনশাস্ত্রাধ্যাপকমহামহোপাধ্যাযোপাধীনাম্—

শ্রীকৈলাস চন্দ্র শর্ম্মণাম্ শিরোমণ্যুপনামকানাম্
সংমতিরত্রার্থে মহামহোপাধ্যায়শ্রীগঙ্গাধরশাস্ত্রিণঃ।
শ্রীদামোদরশাস্ত্রিণঃ
শ্রীবালমুকুন্দশাস্ত্রিণঃ
হাতুয়ামহারাজাগ্নিহোত্রিণঃ চাতুর্ম্মাস্যযাজিনো
শ্রীদেবনাথশর্ম্মণঃ—
বাচস্পত্যুপাধিক—শ্রীকালীকুমারদেবশর্ম্মণাম্
শ্রীহরনাথ দেবশর্ম্মণাম্ বিদ্যারত্নোপাধিকানাম্
শোভাবাজারস্থ রাজগুরু তর্কবাগীশোপাধিকানাম্
শ্রীমথুরা নাথ শর্ম্মণাম্
শ্রীভগবতীচরণ দেবশর্ম্মণাম্ বিদ্যাবাগীশোপাধীনাম্
বিদ্যাসাগরোপাহ্ব শ্রীজয় কৃষ্ণ শর্ম্মণাং।
শ্রীবৈকুণ্ঠ নাথ ন্যায়রত্ন শর্ম্মণাম্
ন্যায়রত্নোপাধিক শ্রীদিগম্বর দেবশর্ম্মণাম্
শ্রীদুর্গাচরণ দেবশর্ম্মণাম্ বিদ্যালঙ্কারোপনামকানাম্

বিদ্যাভূষণোপনামক শ্রীপীতাম্বর দেবশর্ম্মণাম্
তর্করত্নোপনামক শ্রীরামনারায়ণ দেবশর্ম্মণাম্
বেদান্তবাগীশোপাধিকশ্রীজয়রাম দেবশর্ম্মণাম্
বিদ্যানিধ্যুপাধিকশ্রীবিজয়কৃষ্ণ দেবশর্ম্মণাম্
শ্রীমহাদেবস্মৃতিতীর্থানাং
শিরোমণ্যুপাধিক—শ্রীউমাচরণ শর্ম্মণাম্

**ব্যবস্থার স্থূল মর্ম্ম এই**

যে মহাপাপী ম্লেচ্ছ-স্ত্রীতে পুত্রোৎপাদন করিবেক, তাহার প্রাযশ্চিত্ত নাই, পরন্তু, শরীরে চিহ্ন প্রদান পূর্ব্বক তাহাকে দেশ হইতে নিষ্কাশিত করিবেক্ তাহাতে কোন সন্দেহ করিবে না। ইহা ধর্ম্মশাস্ত্রে আপস্তম্ব ঋষির মত, যথা; বচন এইরূপ—

"অন্ত্যজাসু প্রসূতানাং প্রায়শ্চিত্তং ন বিদ্যতে।
নির্ব্বাসনং কৃতাঙ্কস্য তস্য কার্য্যং ন সংশয়ঃ॥"

তবে যদি পাপী পাপ হইতে নিষ্কৃতি চাহে তাহা হইলে, তাহার পক্ষে মরণান্তিক প্রায়শ্চিত্ত বিধান; অসামর্থ্যে চতুর্বিংশতি (২৪) বর্ষপর্য্যন্ত ব্রহ্মচর্য্য ব্রত ধারণ করিলে কোনমতে নরকনিস্তার হইতে পাবে বটে, কিন্তু, তাহাতে কোনরূপে সমাজে ব্যবহার্য্য হইতে পাবে না ইহা নিবন্ধকারগণের মত।

৬ নং

## ময়মন্‌সিংহের ব্যবস্থা।

জ্ঞানতঃ বহুকালব্যাপকম্লেচ্ছস্ত্রীগমন-তৎসহভোজন-নিষিদ্ধ-মাংসাদিভোজন-তদীয়বেশধারণাদিভিস্তদ্ভাবপ্রাপ্তানাং প্রায়-শ্চিত্তমিচ্ছতাং মরণেতরপ্রায়শ্চিত্তাভাব ইতি মনুযাজ্ঞবল্ক্য-যমাদিধর্ম্মশাস্ত্রপ্রণেতৃণাং বিবেককৃতাং শূলপাণ্যাদীনাঞ্চ সম্মতা ব্যবস্থেতি॥

জেলা মাইমনসিং মহকুমা টাঙ্গাইল পোঃ সাকরাইল বিন্নাকৈর
নিবাসিনা ন্যায়রত্নোপাধিকেন

শ্রীকৃষ্ণনাথ শর্ম্মণা

৭ নং

স্বধর্ম্মত্যাগিনঃ ম্লেচ্ছপত্ন্যাং সন্তানোৎপাদকস্য কস্যচিৎ শূদ্রস্য পাপক্ষয়ায় মরণমেব প্রায়শ্চিত্তং ন ত্বন্যৎ ধেনুদানাদিকমিতি বিদুষাং পরামর্শঃ।

শ্রীগুরুঃ
শরণং।

শ্রীদুর্গাচরণ তর্করত্নস্য

সাং বিক্রমপুর হাং সাং পাথুরিঘাটা রাজবাটী।

শ্রীশ্রীদুর্গা।

নং ৮

## বিক্রমপুরের ব্যবস্থা।

ম্লেচ্ছদেশং ব্রজতোঽপি জ্ঞানতোদ্বাদশবর্ষাধিককালং ম্লেচ্ছান্নভোজনং ম্লেচ্ছকন্যাপরিণয়ং তস্যামপত্যোৎপাদনং স্বধর্ম্মপরিত্যাগপূর্ব্বকম্লেচ্ছধর্ম্মগ্রহণঞ্চ কুর্ব্বতো আর্য্যজাতীয়স্য মরণেতরপ্রায়শ্চিত্তাধিকারঃ পুনরার্য্যধর্ম্মাচরণাধিকারশ্চ নাস্তীতি বিদুষাম্পরামর্শঃ॥

অত্র প্রমাণং।

যদ্যপি পতিতত্বেপি তদস্তি তথাপি তত্র প্রায়শ্চিত্তাধিকারোঽস্তি অত্র প্রায়শ্চিত্তেপ্যনধিকার ইতি পতিতবৈলক্ষণ্যং তদপি মরণেতরত্বেন বিশেষণীয়মিতি

"চাণ্ডালান্ত্যস্ত্রিয়ো গত্বা ভুক্ত্বা চ প্রতিগৃহ্য চ।
পতত্যজ্ঞানতোবিপ্রো জ্ঞানাৎ সাম্যন্তু গচ্ছতীতি।"

মনুবচনীয়সাম্যমিত্যস্য ব্যাখ্যানাবসরে শূলপাণিমহামহোপাধ্যায়লিখনং অত্রাপি প্রায়শ্চিত্তং ন বিদ্যত ইতি মরণেতরচতুর্ব্বিংশতিবার্ষিকনিষেধার্থোনিন্দার্থো বেতি কাপালিকাদিগমনপ্রায়শ্চিত্তপ্রসঙ্গে শূলপাণিলিখনঞ্চ এতেন মরণবৈকল্পিকচতুর্ব্বিংশতিবার্ষিকব্রতেঽপি নাধিকার ইতি তট্টীকায়াং গোবিন্দানন্দলিখনঞ্চ। ন

চ তৎসংসর্গিণঃ প্রায়শ্চিত্তব্যবস্থা মেয়পপন্নেত ইতি শঙ্কনীয়ং ? তস্য বৈকল্পিক-চতুর্ব্বিংশতিবার্ষিকানুসারেণৈব ব্যবস্থায়া উপপত্তেঃ। অতএব অথবেতি পক্ষান্তরমালোচ্য কৃতেঽকৃতে বা চতুর্ব্বিংশতিবার্ষিকে অব্যবহার্য্য এব স্যাদিতি বিবেককৃতাভিহিতং স্বধর্ম্মপরিত্যাগেন ম্লেচ্ছত্বপ্রতিপাদকং তেচাস্বধর্ম্মপবিত্যাগান্ম্লেচ্ছত্বং যযুরিতি বিষ্ণুপুরাণীয়ং নহি স্বধর্ম্মত্যাগাদিনা ম্লেচ্ছত্বং গতস্য পুনঃ স্বধর্ম্মানুষ্ঠানমুপযুজ্যতে তথাসতি স্বধর্ম্মত্যাগেন জবনত্বং গতানাং শকাদীনামপি পুনঃ স্বধর্ম্মানুষ্ঠানমাপদ্যেত স্বধর্ম্মবহিতস্য ম্লেচ্ছত্বং প্রতিপাদয়তি বৌধায়নঃ—

"গোমাংসখাদকোযস্তু বিরুদ্ধং বহুভাষতে।
সর্ব্বাচারবিহীনশ্চ ম্লেচ্ছ ইত্যভিধীয়ত॥"

ইতি। যত্তু মরণবৈকল্পিকং চতুর্ব্বিংশতিবার্ষিকমপি ব্যবস্থাপিতং তদপি স্বধর্ম্মত্যাগাদিনা ম্লেচ্ছত্বমনাপন্নস্য বেদিতব্যং। এবঞ্চ প্রকৃতেপি সর্ব্বধর্ম্মবহিতস্য মরণমেব প্রায়শ্চিত্তমবধেয়ং দ্বাদশবর্ষন্যূনকালেপি স্বধর্ম্মত্যাগ-ম্লেচ্ছস্ত্রীগমনাদিকর্ম্মণা ম্লেচ্ছত্বপ্রাপ্ত্যবিশেষাদিত্যলং পল্লবিতেন॥

শ্রীকাশীচন্দ্র দেবশর্ম্মণাম্
বিদ্যারত্নানাং।
বিক্রমপুরান্তর্গতমেদিনীমণ্ডলনিবাসিনাং।

---

# প্রায়শ্চিত্তবিরুদ্ধে ব্যবস্থা।

নং ১

শ্রীশ্রীদুর্গা।

শরণম্।

ম্লেচ্ছ্যাং গর্ভোৎপাদনেন ম্লেচ্ছসমতাপন্নস্য শূদ্রস্য তজ্জনিত-পাপক্ষয়ায় মরণানুকল্পচতুর্ব্বিংশতিবার্ষিকব্রতাদিকং কিমপি প্রায়শ্চিত্তং নাস্তীতি বিদুষাং মতম্।

# অত্র প্রমাণানি—

অত্রিসংহিতায়াং—

চাণ্ডাল-ম্লেচ্ছ-শ্বপচ-কপালব্রতধারিণাম্ ।
অকামতঃ স্ত্রিয়ো গত্বা পরাকেণ বিশুধ্যতি ॥১৮৩॥
কামতস্তু প্রসূতো বা তৎসমোনাত্র সংশয়ঃ ।
স এব পুরুষস্তত্র গর্ভোভূত্বা প্রজায়তে ॥১৮৪॥

তথা প্রায়শ্চিত্তবিবেকে শূলপাণিবাক্যম্। সমস্তোপন্যাসস্তু চাণ্ডালী-গমনে জ্ঞানতঃ প্রাপ্তদ্বিগুণদ্বাদশবার্ষিকব্রতনিষেধার্থো নতু মরণনিষেধার্থস্তস্য বিহিতত্বাৎ তথাচ যমঃ—

রেতঃ সিক্ত্বা কুমারীষু চাণ্ডালীষু সুতাসু চ ।
সপিণ্ডাপত্যদারেষু প্রাণত্যাগোবিধীয়তে ॥

রঘুনন্দনেনাপি ম্লেচ্ছপালকস্থলে ম্লেচ্ছস্য ব্রতাদ্যনধিকাবিতয়া গোস্বামিন-এব প্রাজাপত্যব্রতাদিরূপপ্রায়শ্চিত্তমুপদিষ্টম্ ॥

শ্রীরামনাথ শর্ম্মণাম্

কোটালিপাড়া নিবাসিনাম্

নং ২

শ্রীশ্রীদুর্গা ।
শরণং ।

ম্লেচ্ছদেশগামিনঃ আর্য্যধর্ম্মপরিত্যাগানন্তরং খৃষ্টধর্ম্মাবলম্বিনঃ জ্ঞানতো বহুবর্ষপর্য্যন্তং ম্লেচ্ছপকান্নভোজিনঃ ম্লেচ্ছজাতীয়কন্যাবিবাহানন্তরং দ্বাদশবর্ষান্ন্যূনকালং তৎসংসর্গকর্ত্তুঃ তস্যামপত্যোৎপাদকস্য ধর্ম্মশাস্ত্রতো ম্লেচ্ছত্বপ্রাপ্তস্য আর্য্যজাতীয়স্য প্রায়শ্চিত্তানধিকারিত্বেন নার্য্যধর্ম্মগ্রহণেঽধিকারইতি বিদুষাং পরামর্শঃ ।

## অত্র প্রমাণং।

কে চাত্মধর্ম্মপরিত্যাগাৎ ম্লেচ্ছত্বং যযুরিতি বিষ্ণুপুরাণীয়ম্।

"গোমাংসখাদকো যস্তু বিরুদ্ধং বহুভাষতে।
সর্ব্বাচারবিহীনশ্চ ম্লেচ্ছ ইত্যভিধীয়ত॥"

ইতি বৌধায়নীয়ং। তদূর্দ্ধং তৎসমত্বেন পতিতত্বাৎ প্রায়শ্চিত্তাভাবাদিতি শূলপাণিমহামহোপাধ্যায়োক্তং। ম্লেচ্ছপালকেতু স্বয়ং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি মহামহোপাধ্যায়রঘুনন্দনভট্টাচার্য্যোক্তঞ্চ। এতেনেদৃশানাং প্রায়শ্চিত্তবিরহঃ। যত্তু প্রায়শ্চিত্তৈরপৈত্যেন ইত্যাদি যাজ্ঞবল্ক্যবচনং চাণ্ডালান্ত্যস্ত্রিয়ো গত্বেতি মনুবচনং নাস্যাস্মিন্ লোকে প্রত্যাসত্তির্বিদ্যতে কল্মষন্তু নিহন্যতইত্যাপস্তম্ববচনঞ্চ তদপরিত্যক্তাত্মধর্ম্মাদিবিষয়মিতিসুধীভির্জ্ঞেয়ং।

বিক্রমপুরান্তর্গতপুরাপাড়ানিবাসিনাং
শ্রীজগদ্বন্ধু তর্কবাগীশানাং।
বিক্রমপুরান্তর্গত কুছশালীনিবাসিনাং
শ্রীঅদ্বৈত চন্দ্র ন্যায়রত্নানাং

নং ৩

শ্রীশ্রীধর্ম্মায়।

ত্যক্ত্বা স্বধর্ম্মং গৃহীত্বা চ পরধর্ম্মং কশ্চন হিন্দুসন্তানঃ (কায়স্থঃ কশ্চিদিতি হৃদ্গতোঽভিপ্রায়ঃ) পরধর্ম্মস্য (ম্লেচ্ছধর্ম্মস্যেতি হার্দ্দঃ) বিধানমনুসৃত্যৈব (ব্যাপ্টিস্মাখ্যসংস্কারেণ সংস্কৃতোভূত্বেতি যাবৎ) কস্যাশ্চিদ্ ইংরাজাখ্যম্লেচ্ছযুবত্যাঃ পাণিংজগ্রাহ। দ্বাদশাধিকসংবৎসরং যাবৎ তয়া ম্লেচ্ছপত্ন্যা সহ একত্র পানভোজনশয়নাসনাদিভির্গাঢ়মভিরেমে। তস্যাং কতিপয়ান্ পুত্রকানপ্যজীজনৎ। তত এনং পুনারাজকীয়ং বিধিমবলম্ব্য তত্যাজ বিড়ালাক্ষী সা শুভ্রপত্নী। অথেদানীং বিহীনশ্চ দারৈঃ পুত্রৈঃ স খলু পুনর্মুখিকায়িতুং প্রযততে। ননু পরধর্ম্মী ম্লেচ্ছঃ খল্বয়ং ভূতপূর্ব্বং হিন্দুধর্ম্মং কিং পুনর্গ্রহীতুং শক্নুয়াৎ?

দ্বিতীয়া পৃচ্ছাচেত্থম্—

নিরুক্তবিধস্য ম্লেচ্ছত্বংগতস্য হিন্দুসন্তানস্য সমাজপ্রবেশ-ফলকং কিমপি হিন্দুশাস্ত্রবিহিতং প্রায়শ্চিত্ত মস্তি বা ন বা?

## অথ প্রথমপ্রশ্নস্যোত্তরে ব্যবস্থা—

পরধর্ম্মী ভূতপূর্ব্বং স্বধর্ম্মং হিন্দুধর্ম্মাখ্যং ন কথমপি গ্রহীতুং শক্নুয়াদিতি বিদুষাং পরামর্শঃ॥

অত্র প্রমাণানি যুক্তিশ্চ—

১০মাধ্যায়ে মনুসংহিতায়াঃ—

ববং স্বধর্ম্মো বিগুণো ন পারক্যঃ স্বনুষ্ঠিতঃ।
পরধর্ম্মেণ জীবন্ হি সদ্যঃ পততি জাতিতঃ॥

অত্র কুল্লুকভট্টঃ—

"তৎক্ষণাদেব স্বজাতিতঃ পততি ইতি দোষো বর্জ্জনার্থঃ"

তথাচৈবং পতিতং বিধর্ম্মিণং হিন্দুধর্ম্মিণঃ তৎক্ষণাদেব, স্বসমাজাৎ বহির্নিঃসারয়েয়ুরিতি ফলিতোঽর্থঃ॥

৩য়াধ্যায়ে শ্রীমদ্ভগবদ্গীতায়ামপি—

শ্রেয়ান্ স্বধর্ম্মোবিগুণঃ পরধর্ম্মাৎ স্বনুষ্ঠিতাৎ।
স্বধর্ম্মে নিধনং শ্রেয়ঃ পরধর্ম্মো ভয়াবহঃ॥

তত্রভবান্ শ্রীশ্রীমচ্ছঙ্করাচার্য্যঃ—

"পরধর্ম্মো ভয়াবহঃ" নরকাদিলক্ষণং ভয়ং আবহতি যতঃ—ইতি। আদিপদাৎ সমাজাদ্বহিষ্কৃতিরপীতি কুল্লূকভট্টব্যাখ্যান স্বাবস্যাদিতি।

মধুসূদনীয়-টীকায়াং যথা তত্র—

শ্রদ্ধাহানিস্তথাসূয়া দুষ্টচিত্তত্বমূঢ়তে। প্রকৃতের্ব্বশবর্ত্তিত্বং রাগ-দ্বেষৌ চ পুষ্কলৌ॥ পরধর্ম্মরুচিত্বং চেত্যুক্তা দুর্ম্মার্গবাহকাঃ।

অষ্টাবিমে দুর্ম্মার্গ-বাহকাঃ। দুর্ম্মার্গঃ পাতিত্যজনিতং নরকং

ইহ সমাজাদ্ বহিষ্করণং পরত্র তত্তন্নাম্না প্রসিদ্ধং তস্য বাহ্যকাঃ জনকাঃ সূচকা বা ইত্যর্থঃ।

শ্রীমদ্ভাগবতে সপ্তমে উক্তম্—

বিধর্ম্মঃ পরধর্ম্মশ্চ আভাস উপমা ছলঃ। অধর্ম্মশাখাঃ পঞ্চেমা ধর্ম্মজ্ঞোঽধর্ম্মবৎত্যজেৎ। ধর্ম্মবাধোবিধর্ম্মঃ স্যাৎ পরধর্ম্মোঽন্যচোদিতঃ। যস্থিচ্ছয়া কৃতঃ পুংভিরাভাসোহ্যাশ্রমাৎপৃথক্। উপধর্ম্মস্তু পাষণ্ডোদম্ভোবা শব্দভিচ্ছলঃ॥

অত্র পশ্যন্তু তাবত্তত্রভবন্তো বিদ্বাংসঃ—

"ধর্ম্মজ্ঞোঽ ধর্ম্মবৎ ত্যজে"দিতি, তথাচাধার্ম্মিকং নাস্তিকং যথা সমাজাৎ বর্জ্জয়েৎ তথা বিধর্ম্ম্যাদিকমপীত্যর্থঃ।

কিঞ্চাহ মনুঃ—৪র্থে—

নৃযজ্ঞপ্রকরণে—

পাষণ্ডিনো বিকর্ম্মস্থান্ বৈড়ালব্রতিকান্ শঠান্। হৈতুকান্ বকব্রত্তীংশ্চ বাঙ্‌মাত্রেণাপি নার্চ্চয়েৎ।

অনেনাপি বচনেন বিধর্ম্মিণং বিকর্ম্মস্থং সমাজাদ্ বহির্নিঃসারয়েদেবেতি বিধিঃ স্পষ্টমেবাবগম্যতে।

অপিচাহ মনুস্তত্রৈব—

ন সংবসেচ্চ পতিতৈর্ন চাণ্ডালৈর্ন পুক্কশৈঃ। ন মূর্খৈর্নাবলিপ্তৈশ্চনান্ত্যৈর্নান্ত্যাবসায়িভিঃ।

ইতি পতিতৈর্বিধর্ম্মিভিঃ

সহ সংবাসস্য নিষেধ এব সুস্পষ্টম্—

কিঞ্চাহ পুনরপি মনুঃ

৫মে—

বৃথা শঙ্করজাতানাং প্রব্রজ্যাসু চ তিষ্ঠতাং। আত্মনস্ত্যাগিনাঞ্চৈব নিবর্ত্তেতোদকক্রিয়া॥

অত্র কুল্লুকঃ—

জাতশব্দঃ প্রত্যেক মভিসম্বধ্যতে। "বৃথা জাতানাং" ত্যক্তস্ব-

সর্ম্মাণাং—অর্থাৎ বৃথা জন্ম যেষাং এবম্ভূতানাং বিধর্ম্মিণামিতি যাবৎ।

অনেনাপি বিধর্ম্মিণাং হিন্দুসমাজে খল্বগ্রাহ্যত্বং সুস্পষ্টমেব প্রতীয়তে।

এবংবিধানি বহূনি প্রমাণানি প্রদর্শয়িতুং শক্যন্তে পরং স্বল্পবসরত্বাদনিচ্ছয়ৈবাত্র বিরম্যতে।

যুক্তিশ্চেত্থম্—

অথ স্বধর্ম্মত্যাগিনাং বিধর্ম্মিণাং ত্যক্তে স্বধর্ম্মে পুনরাগমনং তদৈব হি সম্ভবেৎ যদি কিমপি ধর্ম্মশাস্ত্রং তমধিকৃত্যাপি কঞ্চিদপি ধর্ম্ম মনুশিষ্যাৎ নচৈবম্—

পশ্যন্তু তাবৎ

মন্বাদিস্মৃতিবচনানি—

তত্রাদৌ মনুঃ (১।১০৭)

অস্মিন্ ধর্ম্মোঽখিলেনোক্তো গুণদোষৌ চ কর্ম্মণাম্।
চতুর্ণামপি বর্ণানা মাচারশ্চৈব শাশ্বতঃ॥

অত্রিরপ্যাহ (১।৫)

চতুর্ণামেব বর্ণানামত্রিঃ শাস্ত্রমকল্পয়ৎ।

বিষ্ণুরপ্যাহ (১।২)

যে বর্ণাশ্রমধর্ম্মস্থা স্তে ভক্তাঃ কেশবং প্রতি। ইতি পূর্ব্বং ত্বযা প্রোক্তং ভূর্ভুবঃস্বর্দ্বিজোত্তমাঃ। বর্ণানা মাশ্রমাণাঞ্চ ধর্ম্মান্নোব্রূহি সত্তম॥

কলের্ধর্ম্মশাস্ত্রং

পরাশরসংহিতা, তত্রাপি "চাতুর্ব্বর্ণ্যসমাচারং কিঞ্চিৎসাধারণংবদ।

এবমেব সর্ব্বত্র যাজ্ঞবল্ক্যাদিধর্ম্মসংহিতায়ামপি দ্রষ্টব্যং। কুত্রাপি বিধর্ম্মিজনগণমুপক্রম্য কঞ্চিদপি ধর্ম্মং নৈবাহ। সুতরামেব তস্য ত্যক্তে স্বধর্ম্মে অপুনরাগমনং সিদ্ধং।

# অথ দ্বিতীয়প্রশ্নস্যোত্তরে ব্যবস্থা—

নিরুক্তবিধস্য হিন্দুসন্তানস্য হিন্দুসমাজপ্রবেশফলকং ন কিঞ্চিদপি প্রায়শ্চিত্তমস্তীতি বিদুষাং পরামর্শঃ।

অত্র প্রমাণং যুক্তিশ্চ—

তত্রাদৌ প্রমাণম্ মনুঃ ( ১০ অ )

শনকৈস্তু ক্রিয়ালোপাদিমাঃ ক্ষত্রিয়জাতয়ঃ।
বৃষলত্বং গতা লোকে ব্রাহ্মণাদর্শনেন চ॥

অত্র কুল্লূকভট্টস্য

"ব্রাহ্মণানাং যাজনাধ্যাপনপ্রায়শ্চিত্তাদ্যর্থদর্শনাভাবেন" ইত্যাদিরূপং ব্যাখ্যানঞ্চ পশ্য।

অথচ ক্রিয়ালোপাৎ ত্যক্তাত্মধর্ম্মাণঃ যে বভূবুস্তেষাং যাজনং অধ্যাপনঞ্চকর্ত্তুং তথা সমাজপ্রবেশায় তান্ প্রায়শ্চিত্তঞ্চ কারয়িতুং ব্রাহ্মণ এব কোঽপি তদা নোদতিষ্ঠৎ অর্থাৎ তে বিধর্ম্মিণঃ ইতি প্রায়শ্চিত্তানর্হা ইতি বোধয়িতুমেব মনুর্ব্রাহ্মণ এব তৎকর্ম্মকর্ত্তা নামিলদিত্যব্রবীৎ। এবঞ্চ তে ম্লেচ্ছত্বমাপন্না; তে কে? ইতি জিজ্ঞাসায়াং স্পষ্টপ্রতিপত্তয়ে মনুঃ স্বয়মেব নামানি নিরদিক্ষৎ।

যথা—

পৌণ্ড্রকাশ্চৌড্রদ্রবিড়াঃ কাম্বোজা জবনাঃ শকাঃ। পারদা পহ্লবাশ্চীনাঃ কিরাতাঃ দরদাঃ খশাঃ॥ মুখবাহূরুপজ্জানাং যা লোকে জাতয়ো বহিঃ। ম্লেচ্ছবাচশ্চার্য্যবাচঃ সর্ব্বে তে দস্যবঃ স্মৃতাঃ॥ ইত্যাদিকমভিধায় সর্ব্বান্তে ব্যবস্থাঞ্চৈবমাহ—

ন তৈঃ সময়মন্বিচ্ছেৎ পুরুষো ধর্ম্মমাচরন্।
ব্যবহারোমিথস্তেষাং বিবাহঃ সদৃশৈঃ সহ॥

তস্মাৎ ( ব্যাপ্‌টাইজাখ্য ) ম্লেচ্ছীয়সংস্কারেণ দ্বাদশাধিকবর্ষং যাবৎ নিরন্তরং ম্লেচ্ছপত্ন্যাঃ সহবাসেন তথা তস্যাং পুত্রোৎপাদনাদি-

না চ ম্লেচ্ছত্বমাপন্নস্য হিন্দুসন্তানস্য সমাজপ্রবেশায় নহি কিঞ্চিদপি প্রায়শ্চিত্তমস্তীতি ধ্রুবং—

যুক্তিরপ্যত্র যথা—

পাপাপনোদনায়ৈব হি প্রায়শ্চিত্তবিধানং অত্র খলু কিংবিধস্য? স্বধর্ম্মে স্থিতস্য পাপকর্ত্তুঃ, আহোস্বিৎ স্বধর্ম্মং বিহায় ম্লেচ্ছত্বং গতস্য বিধর্ম্মিণঃ পাপকর্ত্তুরিতি সিদ্ধজিজ্ঞাসায়াং, যমধিকৃত্য শাস্ত্রানুশাসনং উপস্থিতত্বাৎ উপোদ্ঘাতসঙ্গত্যা চ তস্যেতি উত্তরিতে স্বধর্ম্মিণঃ পাপকর্ত্তুরেবেতি নহি বিধর্ম্মিণঃ। ব্যবহারোঽপি চিরপ্রচলিতস্তথৈব দৃষ্টঃ। বাঁড়ুর্য্যি প্রভৃতয়ো বহবোহি ম্লেচ্ছত্বমাপন্নাঃ শেষে বয়সি চ বহ্বনুতপ্তাঃ প্রায়শ্চিত্তং কৃত্বা পুনঃসমাজে প্রবেশায় নবদ্বীপং গত্বা ধর্ম্মবিদাং বরং মৃতমহাত্মানং শ্রীব্রজনাথবিদ্যারত্নমুপসন্না অপি ন হি কৃতকার্য্যা অভূবন্।

ননু বিধর্ম্মিণাং জবনাদীনাং ম্লেচ্ছত্বং জাত্যা অস্য তু বৃষলস্য দ্বাদশবৎসরং যাবৎ স্বধর্ম্মং পরিত্যক্তবতঃ কথং ম্লেচ্ছত্বং—ইতি প্রাপ্তে ক্রমঃ—

যান্ খলু জবনাদীন্ জাত্যা ম্লেচ্ছত্বমাপাদয়িতুং ভবানুদ্গ্রীবস্তেঽপি প্রথমং জাত্যা আর্য্যা এব. ''শনকৈশ্চ ক্রিয়ালোপাৎ' ইতি মানবং বচনং স্মর্য্যতাম্। অপিচ—

"তে চাত্মধর্ম্মপরিত্যাগাৎ ম্লেচ্ছত্বং যযু" রিতি বিষ্ণুপুরাণবচনমপি ॥ স্বধর্ম্মপরিত্যাগ এব যদা জবনাদীনাং ম্লেচ্ছত্বে নিদানং সিদ্ধং তদাস্যাপি হিন্দুসন্তানস্য তথৈবেতি ন কোঽপ্যত্র সন্দেহাবসরঃ ॥

অতএব বৌধায়নঃ—

"গোমাংসখাদকোযশ্চ বিরুদ্ধং বহুভাষতে।
আর্য্যাচারবিহীনশ্চ ম্লেচ্ছ ইত্যভিধীয়তে।"

তথাহি দ্বাদশাধিকবর্ষং যাবৎ স্বস্বধর্ম্মং পরিত্যজ্য ম্লেচ্ছস্ত্রীরম-

মাণস্থ তস্যাং প্রসূতস্থ হিন্দুসন্তানস্থ ম্লেচ্ছত্বং গতস্থ সমাজপ্রবেশায় ন কিমপি প্রায়শ্চিত্তমস্তীতি যুক্ত্যাপি দৃঢ়মিতি।

সামাধ্যায়িসরস্বতীত্যুপনামকানাং

শ্রীব্রহ্মব্রতশর্ম্মণাম্।

সাং কলিকাতা

২২নং দরজিপাড়া ষ্ট্রীট্

নং ৪

শ্রীশ্রীদুর্গা

শরণং

ম্লেচ্ছদেশগমন স্বধর্ম্মপরিত্যাগপূর্ব্বকপরধর্ম্মগ্রহণম্লেচ্ছরমণী-পরিণয়দ্বাদশবর্ষাধিককালম্লেচ্ছজাতীয়স্বস্ত্রীসহবাসপূর্ব্বকসন্তানো-ৎপাদনাদিনা স্বধর্ম্মত্যাগাৎ ক্ষত্রিয়সুতানাং শককাম্বোজাদীনা-মিব ম্লেচ্ছত্বমাপ্তস্য যস্য কস্যচিৎ হিন্দুসন্তানস্থ সর্ব্বাচারবিহী-নস্থ ম্লেচ্ছস্থ ধর্ম্মকর্ম্মানধিকারিতায়াঃ শাস্ত্রসিদ্ধত্বেন ধর্ম্মকর্ম্মানধি-কারিত্বস্য সুতরাং সিদ্ধত্বাৎ হিন্দুধর্ম্মগ্রহণে পুনরধিকারাসম্ভবাৎ প্রায়শ্চিত্তেঽপ্যনধিকারঃ সিদ্ধ্যত্যেবেতি বিদুষাম্পরামর্শঃ।

## অত্র প্রমাণং

তথাকৃতান্ যবনাদীনুপক্রম্য তেচাস্বধর্ম্মপরিত্যাগাৎ ম্লেচ্ছত্বং যযুরিতি প্রায়শ্চিত্ততত্ত্বধৃতবিষ্ণুপুরাণবচনং।

"গোমাংসখাদকো যশ্চ বিরুদ্ধং বহুভাষতে।
সর্ব্বাচারবিহীনশ্চ ম্লেচ্ছ ইত্যভিধীয়তে॥"

ইতি তদ্ধৃতবৌধায়নবচনং যবনাদীনান্তু সর্ব্বধর্ম্মবাহিত্যমুক্তং হরিবংশে

"সগরস্তাং প্রতিজ্ঞাঞ্চ গুরোর্ব্বাক্যং নিশম্যচ।
ধর্ম্মং জঘান তেষাং বৈ বেশান্যত্বং চকার হ॥"

ইতি প্রায়শ্চিত্ততত্ত্বসন্দর্ভঃ। গোবধপ্রায়শ্চিত্তে পালকদ্রব্যাসম্ভবে স্বামিনা দ্রাবং

দত্ত্বা প্রায়শ্চিত্তং কারয়িতব্যং ম্লেচ্ছপালকে তু স্বয়ং কর্ত্তব্যমিতানেন ম্লেচ্ছস্য প্রায়শ্চিত্তাধিকারো নাস্তীতি স্মার্ত্তরঘুনন্দনেন স্পষ্টমেবাভিহিতং ম্লেচ্ছত্বং যযুরিত্যত্র তৎসমত্বব্যাখ্যানেঽপি চাণ্ডালেন সম ইত্যত্র সমশব্দেন চাণ্ডালবৎধর্ম্মকর্ম্মানধিকারিত্বমিতিবদতা বিবেককৃতা ম্লেচ্ছ সমইত্যত্রাপি ম্লেচ্ছবৎ ধর্ম্মকর্ম্মানধিকারিত্বরূপোঽর্থঃ সূচিতঃ তথাচ ম্লেচ্ছানাং সর্ব্বধর্ম্মরাহিত্যেন প্রায়শ্চিত্তেপ্যনধিকারাৎ তৎসমস্যাপি প্রায়শ্চিত্তানধিকারিত্বং সুতরাং সিদ্ধমেব অতএব চ ম্লেচ্ছস্য পালকত্বে স্বয়ং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিতি রঘুনন্দনেন স্পষ্টীকৃতং অত্র ম্লেচ্ছগ্রহণাৎ অস্তিচ চাণ্ডালাদীনাং বিধিনিষেধশ্চ যথা দেবলঃ—স্বজাতিশোচনং সর্ব্বজনপ্রণামস্তিতিক্ষা ব্যবহারশুদ্ধিরপবাদমানং স্বভৃত্যপোষণং প্রধানকর্ম্মপরিবর্জনমিতি চাণ্ডালধর্ম্মঃ ইতি শূলপাণি সন্দর্ভাৎ চাণ্ডালপর্য্যন্তানাং প্রায়শ্চিত্তাধিকারসূচনং "কামতস্তু প্রসূতোবা তৎসমোনাত্রসংশয়ঃ। অন্ত্যজায়াং প্রসূতস্য প্রায়শ্চিত্তং ন বিদ্যতে॥ নির্ব্বাসনং কৃতাঙ্কস্ত তস্য কার্য্যং ন সংশয়।" ইতি প্রায়শ্চিত্তবিবেকধৃতাপস্তম্ব বচনঞ্চ।

---

# ব্যবস্থার বাঙ্গালা বিচার॥

পূর্ব্বকালে কোন কারণবশতঃ কতকগুলি শককাম্বোজাদি ক্ষত্রিয় সন্তান সগর রাজা কর্তৃক তাড়িত হইয়া কুলগুরু বশিষ্ঠের শরণাপন্ন হয়। মহর্ষি বশিষ্ঠ তাঁহাদিগকে প্রাণে মারিতে না দিয়া, সগরের প্রতিজ্ঞা রক্ষার জন্য তাঁহাদিগকে স্বধর্ম্ম ও ব্রাহ্মণ সঙ্গ পরিত্যাগ করাইয়া, ম্লেচ্ছ করিয়া জীবন হতপ্রায় করিয়া রাখেন; সেই শককাম্বোজ প্রভৃতি ক্ষত্রিয় সন্তান স্বধর্ম্মপরিত্যাগী ও আর্য্যাচারবিহীন হইয়া ম্লেচ্ছ হওযায়, অদ্যাপি তাঁহাদের পুত্রপৌত্রাদি সমাজে ম্লেচ্ছভাবে পরিগণিত রহিয়াছেন, এবং ম্লেচ্ছের আধিপত্যের সময় অনেক হিন্দু সন্তান আচারভ্রষ্ট হওযায়, অদ্যাপি তাঁহাদের সন্তান সকল সমাজে ম্লেচ্ছভাবে পরিগণিত রহিয়াছেন। যদি কোন উপায়ে তাঁহারা আর্য্যসমাজে আসিতে পারিতেন, তাহা হইলে অবশ্যই পূর্ব্বতন মহাত্মারা সেই উপায় দ্বারা তাঁহাদিগকে আর্য্যসমাজভুক্ত করিতেন। আর্য্যসন্তান হইয়া কাহার না আর্য্যসমাজে আসিতে ইচ্ছা হয়? প্রথমতঃ অর্থলোভেই হউক, বা অন্য কোন কারণেই হউক, আর্য্যসমাজচ্যুত হইয়া পরে তাঁহাদের মধ্যে অনেকেরই, বোধ হয়, গর্হিত কার্য্য করিয়াছি বলিয়া অনুতাপ হয়।

যদি তাঁহাদের উদ্ধারের উপায় থাকিত, তাহা হইলে, বোধ হয়, পূর্ব্বতন মহাত্মারা তাঁহাদের অনুতাপে অনুতপ্ত হইয়া অবশ্যই তাঁহাদের উদ্ধার করিতেন। পূর্ব্বতন মহাত্মারা কি সকলেই নিষ্ঠুর ছিলেন যে, কেহই পরের অনুতাপে অনুতপ্ত হন নাই? ইহা কখনই সম্ভব নহে; অতএব শাস্ত্রের ইহাই অভিপ্রায় স্থির করিতে হইবে যে, যাহারা স্বধর্ম্মত্যাগী হইয়া দীর্ঘকাল আচারভ্রষ্ট হইবে, তাহারাই ম্লেচ্ছ হইবে। বৌধায়নোক্ত ম্লেচ্ছের লক্ষণ দ্বারা তাহাই সুস্পষ্ট প্রতিপন্ন হইতেছে; লক্ষণ যথা—

"গোমাংসখাদকো যস্তু বিরুদ্ধং বহুভাষতে।
আর্য্যাচারবিহীনশ্চ ম্লেচ্ছ ইত্যভিধীয়তে।"

এই বৌধায়নের লক্ষণে যদি ম্লেচ্ছ শব্দের ম্লেচ্ছতুল্য অর্থ করা হয় তাহা হইলে এই লক্ষণটী ম্লেচ্ছতুল্যের লক্ষণ হয় ম্লেচ্ছের লক্ষণ হয় না কিন্তু বৌধায়ন ম্লেচ্ছের লক্ষণ বলিয়াই ইহার নির্দ্দেশ করিয়াছেন। যদি বলেন

"পৃথগবস্থিতায়াঃ সমবায়াসম্ভবাৎ"

এই শূলপাণিসন্দর্ভ দ্বারা প্রতিপন্ন হইতেছে যে আর্য্যের ম্লেচ্ছত্ব কখনই হইতে পারে না; সুতরাং, আচারভ্রষ্ট আর্য্য সন্তানের ম্লেচ্ছতুল্যত্ব ভিন্ন ম্লেচ্ছত্বের সম্ভাবনা নাই। ইহাতে এই বক্তব্য যে, যদি ইহা হইত তাহা হইলে ক্ষত্রিয় বিশ্বামিত্রের ব্রাহ্মণত্ব কদাচ হইতে পারিত না। ঐ ব্রাহ্মণত্ব ব্রাহ্মণতুল্যত্ব বলিবার উপায় নাই। বিশ্বামিত্র প্রকৃত ব্রাহ্মণ না হইলে ব্রহ্মর্ষি মধ্যে পরিগণিত হইতে পারিতেন না, এবং বশিষ্ঠেরও নমস্য হইতে পারিতেন না। কারণ 'ব্রহ্মা' বিপ্রঃ 'ঋষিঃ' ব্রহ্মর্ষিঃ—এই ব্যুৎপত্তি দ্বারা, ব্রাহ্মণ হইয়া যিনি ঋষি হইবেন তিনিই ব্রহ্মর্ষিপদের প্রতিপাদ্য হইবেন। ঐ ব্যুৎপত্তিতে যদি ব্রহ্মণ শব্দের 'বিপ্রতুল্য' অর্থ হয়, তাহা হইলে প্রকৃত ব্রাহ্মণ হইয়া যাঁহারা ঋষি (বশিষ্ঠাদি) তাঁহারা ব্রহ্মর্ষিপদের প্রতিপাদ্য হইতে পারেন না; অতএব শূলপাণির ইহাই অভিপ্রায় স্থির করিতে হইবে যে, যদি কোন আর্য্য স্বধর্ম্মত্যাগী ও আর্য্যাচারপবিভ্রষ্ট না হইয়া এবং গোমাংসাদি ভক্ষণ না করিয়া, অর্থাৎ ম্লেচ্ছলক্ষণাক্রান্ত না হইয়া, জ্ঞানপূর্ব্বক ম্লেচ্ছপত্নী গমন করে, তাহা হইলে, ঐ আর্য্য

"চাণ্ডালান্ত্যস্ত্রিয়ো গত্বা ভুক্ত্বা চ প্রতিগৃহ্য চ।
পতত্যজ্ঞানতোবিপ্রো জ্ঞানাৎ সাম্যন্তু গচ্ছতি।"

এই বচন দ্বারা ম্লেচ্ছসমত্ব প্রাপ্ত হয়। ঐ ম্লেচ্ছসমত্ব ম্লেচ্ছত্ব নহে ম্লেচ্ছতুল্যতা মাত্র ; কারণ যে পর্য্যন্ত আর্য্যের আর্য্যত্ব থাকে সেই পর্য্যন্ত ম্লেচ্ছত্ব আসিতে পারে না, তাহা হইলে আর্য্যত্ব ও ম্লেচ্ছত্ব এই উভয় জাতির সঙ্কর হয়, সঙ্কীর্ণ হইলে জাতি হইতে পারে না, ইহাই শূলপাণি বলিয়াছেন যে

"পৃথগবস্থিতায়াঃ সমবায়াভাবাৎ"

বিভিন্নাধিকরণ বর্ত্তমান জাতির বিভিন্নাধিকরণে সম্বন্ধ হইতে পারে না। কিন্তু ক্ষত্রিয় বিশ্বামিত্র যেরূপ ব্রাহ্মণের সমস্ত লক্ষণাক্রান্ত হইয়া ব্রাহ্মণত্ব পাইয়াছিলেন, সেইরূপ আর্য্যসন্তানও যদি স্বধর্ম্মত্যাগী সর্ব্বাচারপবিভ্রষ্ট ও ইচ্ছাপূর্ব্বক ম্লেচ্ছাচারনিরত হইয়া ম্লেচ্ছলক্ষণাক্রান্ত হয়, তাহা হইলে সেই আর্য্যসন্তানেরও আর্য্যত্ব চ্যুত হইয়া ম্লেচ্ছত্ব প্রাপ্তি হইবে। এক জাতির বিদ্যমানতাবস্থায় যদি আর এক জাতির সম্বন্ধ হয়, তাহা হইলেই সঙ্কর হয় ; কিন্তু এক জাতির সম্বন্ধাভাব হইলে অপর জাতির সম্বন্ধে কোন সঙ্কর হয় না। অতএব ঐ শককাম্বোজাদি ক্ষত্রিয়সন্তান হইলেও অগ্রে স্বধর্ম্মপরিত্যাগী ও আর্য্যাচারপবিভ্রষ্ট হইয়া পরে ম্লেচ্ছত্ব প্রাপ্ত হইয়াছিল ; তাঁহাদের সন্তানগণ ও পূর্ব্বাবধি ম্লেচ্ছভাবেই পরিগণিত রহিয়াছেন, কোন মহাত্মাই তাঁহাদের উদ্ধার করিতে চেষ্টা করেন নাই। স্মার্ত্তচূড়ামণি রঘুনন্দন ভট্টাচার্য্যেরও ইহাই অভিপ্রেত, তাঁহার ধৃত সন্দর্ভ এই—

'তে চাত্মধর্ম্মপরিত্যাগাৎ ম্লেচ্ছত্বং যযুঃ।'

গোস্বামিভট্টাচার্য্যের টীকা—

'ম্লেচ্ছত্বং'

ম্লেচ্ছপদবাচ্যতাং, ম্লেচ্ছপদবাচ্যতাহেতুভূততৎপ্রবৃত্তিনিমিত্তানাহ

'গোমাংসখাদকো যশ্চেতি।'

এই সন্দর্ভ দ্বারা স্পষ্ট বোধ হইতেছে, যে ব্যক্তি গোমাংসখাদক ও সর্ব্বাচারবিহীন হইবে সেই ব্যক্তিই ম্লেচ্ছপদের বাচ্য হইবে। ম্লেচ্ছতুল্য হইলে ম্লেচ্ছপদের বাচ্য কখনও হইতে পারিত না, এবং গোমাংসখাদকত্বাদি ম্লেচ্ছপদবাচ্যতার হেতু হইয়া ম্লেচ্ছপদের শক্যতাবচ্ছেদক হইতে পারিত না। উদয়নাচার্য্যের সন্দর্ভ দ্বারাও ইহা স্পষ্ট প্রতিপন্ন হইতেছে ; সন্দর্ভ এই—

"উদ্ভিদ্ বৃশ্চিকবৎ বর্ণা মায়াবৎ সময়াদয়ঃ।"

হরিদাসীটীকা—

উদ্ভিৎ শাকবিশেষঃ—তস্য যথা তণ্ডুলকণাৎ শাকবিশেষবীজাচ্চ উদ্ভবঃ—যথা বা বৃশ্চিকস্য গোময়াৎ বৃশ্চিকাচ্চ উদ্ভবঃ—তথা কালবিশেষে অদৃষ্টবিশেষাৎ কেবলাৎ ইদানীঞ্চ ব্রাহ্মণাৎ ব্রাহ্মণোৎপত্তিঃ।

যেরূপ কোনও শাকবিশেষ তণ্ডুলকণা হইতেও উৎপন্ন হয়, এবং শাকবিশেষ বীজ হইতেও উৎপন্ন হয়, এবং বৃশ্চিক গোময় হইতেও উৎপন্ন হয়, বৃশ্চিক হইতেও উৎপন্ন হয়, সেইরূপ ব্রাহ্মণ ব্রাহ্মণ হইতেও উৎপন্ন হয়, এবং অদৃষ্টবিশেষ হইতেও উৎপন্ন হয়। এই উদয়নাচার্য্যের সন্দর্ভ দ্বারা স্পষ্টই প্রতিপন্ন হইতেছে যে, অদৃষ্টবিশেষদ্বারাও জাতির সম্ভব হয়। বিশ্বামিত্র উৎকট তপস্যাজনিত বিজাতীয় শুভাদৃষ্ট দ্বারা যেরূপ ব্রাহ্মণত্ব প্রাপ্ত হইয়াছিলেন, সেইরূপ আর্য্যসন্তানও উৎকট দুষ্কর্ম্মদ্বারাও বিজাতীয় দুরদৃষ্ট জন্য ম্লেচ্ছত্ব প্রাপ্ত হইবে সে বিষয়ে আর কোন সংশয় নাই, অতএব, আর্য্যসন্তান যিনি স্বেচ্ছাপূর্ব্বক স্বধর্ম্মত্যাগ করিয়া খ্রীষ্ট ধর্ম্মাবলম্বনপূর্ব্বক ম্লেচ্ছপত্নীর পাণিগ্রহণ, অনিয়তকাল ম্লেচ্ছপত্নীর সহবাস, ম্লেচ্ছপত্নীর গর্ভে দুই তিন সন্তান উৎপাদন, দীর্ঘকাল ম্লেচ্ছেরই সম্পূর্ণ আচারে জীবন যাপনাদি করিয়াছেন, তাঁহার সেই কার্য্যজনিত অতি গুরুতর বিজাতীয় দুরদৃষ্ট দ্বারা ম্লেচ্ছত্ব প্রাপ্ত হওয়ায়, এবং ম্লেচ্ছের প্রায়শ্চিত্তাধিকার না থাকায়, তাঁহার প্রায়শ্চিত্ত করিয়া আর্য্যসমাজে ব্যবহার্য্য হওয়ার কোন উপায় নাই। এইরূপ ব্যক্তিকে যিনি হিন্দুসমাজভুক্ত করিবেন তিনি ম্লেচ্ছকে হিন্দুসমাজভুক্ত করিলে যে পাপ হয়, সেই পাপভাগী যে হইবেন, সে বিষয়ে আর অণুমাত্র সংশয় দেখা যায় না।

যদি কেহ বলেন যে, বিশ্বামিত্রের যেরূপ কর্ম্মদ্বারা ক্ষত্রিয়ত্ব অপগত হইয়াছে, সেইরূপ ম্লেচ্ছের কর্ম্ম দ্বারা ম্লেচ্ছত্ব অপগত হইতে পারে। তদুত্তরে বক্তব্য এই যে, যাঁহাদের কর্ম্মে অধিকার আছে তাঁহাদের কর্ম্ম দ্বারা জাতির অপগম হইতে পারে, কিন্তু একবার ম্লেচ্ছ হইলেই, সর্ব্বধর্ম্মবহিষ্কৃতত্বহেতু এবং ব্রাহ্মণ কর্ত্তৃক পরিত্যক্তত্বহেতু, ব্রাহ্মণসাপেক্ষ প্রায়শ্চিত্তাদি কোন কার্য্যেই তাঁহাদিগের অধিকার হইতে পারে না। ম্লেচ্ছের কোন কার্য্য করিবার অধিকার নাই বলিয়াই শককাম্বোজাদি ক্ষত্রিয় সন্তানগণ অদ্যাপি ম্লেচ্ছভাবেই পরিগণিত রহিয়াছেন! যদি জাত্যুৎপন্ন ম্লেচ্ছের প্রায়শ্চিত্তাধিকার নাই, কর্ম্মজনিত ম্লেচ্ছের প্রায়শ্চিত্তাধিকার আছে, এরূপ বলা হয়, তাহা হইলে,—

"ম্লেচ্ছপালকে তু স্বামিনা প্রায়শ্চিত্তং কর্ত্তব্যং"

এইরূপ রঘুনন্দনের সামান্যাকারে নির্দ্দেশ কদাচ সঙ্গত হইত না;

"জাত্যুৎপন্ন ম্লেচ্ছপালকেতু"

এইরূপ রঘুনন্দনের নির্দ্দেশ করা উচিত ছিল।

যাহার শরীর ম্লেচ্ছরক্তে পরিব্যাপ্ত হইয়াছে, সেই ব্যক্তি যদি হিন্দু সমাজের অন্তর্গত হয়, তাহা হইলে, কোন ব্যক্তিই হিন্দুসমাজের বহির্গত থাকিতে পারে না; স্মার্ত্ত ভট্টাচার্য্য যখন ম্লেচ্ছ গোপালক স্থলে স্বামিকে প্রায়শ্চিত্ত করিতে উপদেশ দিয়াছেন, এবং

"অকুর্ব্বন্ বিহিতং কর্ম্ম নিষিদ্ধঞ্চ সমাচরন্।
প্রসজংশ্চেন্দ্রিয়ার্থেষু প্রায়শ্চিত্তীয়তে নরঃ॥"

এই মনুবচনে নরপদে শূলপাণি যখন ব্রাহ্মণাদি চাণ্ডাল পর্য্যন্তের প্রায়শ্চিত্তাহতা ব্যাখ্যা করিয়াছেন, ম্লেচ্ছের নাম করেন নাই, তখন ম্লেচ্ছ যে প্রায়শ্চিত্তাধিকারী নহে, তাহা স্পষ্ট প্রকাশ রহিয়াছে। এইরূপ পাপী ম্লেচ্ছসম হইলেও ইহার প্রায়শ্চিত্তাধিকার নাই, ইহাও শূলপাণির সন্দর্ভ দ্বারা স্পষ্ট প্রতিপন্ন হইয়াছে।

শূলপাণি চণ্ডালসমত্বপদের এইরূপ অর্থ করিয়াছেন যে

"চণ্ডালসমত্বং চণ্ডালবৎ কর্ম্মানধিকারিত্বং"

এই অর্থ দ্বারা ইহাই প্রতিপন্ন হইয়াছে যে, চণ্ডালের যে যে কর্ম্মে অনধিকার সেই সেই কর্ম্মে চাণ্ডালসমেরও অনধিকার। শাস্ত্রে চাণ্ডালের প্রায়শ্চিত্তাধিকার থাকায় চাণ্ডালসমেরও প্রায়শ্চিত্তাধিকার আছে; সুতরাং, জ্ঞানপূর্ব্বক যাহারা চণ্ডালপত্নী গমন করিয়া চাণ্ডালসমত্ব প্রাপ্ত হইয়াছে, তাহারা প্রায়শ্চিত্ত করিতে পারিবে, পরন্তু, কৃতপ্রায়শ্চিত্ত হইলেও সমাজে অব্যবহার্য্য থাকিবে। এই রূপে ম্লেচ্ছসমত্ব পদেরও ম্লেচ্ছবৎ কর্ম্মানধিকারিত্বরূপ অর্থ; অর্থাৎ ম্লেচ্ছের যে যে কর্ম্মে অনধিকার, ম্লেচ্ছসমেরও সেই সেই কর্ম্মে অনধিকার। সুতরাং ম্লেচ্ছের প্রয়শ্চিত্তাধিকার না থাকায়, জ্ঞানপূর্ব্বক ম্লেচ্ছ পত্নী গমন করিয়া যাহারা ম্লেচ্ছসমত্ব প্রাপ্ত হইয়াছে, তাহাদেরও প্রায়শ্চিত্তে অনধিকার। শূলপাণি সমত্বপদের উক্তরূপ অর্থ করিয়া পরে যদ্যপি ইত্যাদি সন্দর্ভদ্বারা আশঙ্কা করিয়াছেন, যদি সমত্বপদের কর্ম্মান-

ধিকারিত্ব রূপ অর্থ হয়, তাহা হইলে পাতিত্য হইলেও কর্ম্মানধিকারিত্ব হয় তবে পাতিত্যে আর সাম্যে ফলের কি বৈলক্ষণ্য হইল; তাহাতে প্রথম মীমাংসা করিয়াছেন যে, পাতিত্য হইলে প্রায়শ্চিত্তাধিকার আছে আর সাম্য হইলে প্রায়শ্চিত্তাধিকার নাই। কিন্তু এই মীমাংসাতে কিঞ্চিৎ অস্বরস হয়; সাম্যে যদি প্রায়শ্চিত্তাধিকার না থাকে, তাহা হইলে যে ব্যক্তি সাম্যলাভ করিয়াছে তাহার সংসর্গীর প্রায়শ্চিত্ত নিরূপণ হইতে পারে না, অতএব, অথবা করিয়া আর একটী মীমাংসা করিয়াছেন যে, পাতিত্য হইলে প্রায়শ্চিত্তের পর ব্যবহার্য্যতা, আর সাম্য হইলে প্রায়শ্চিত্তের পরও অব্যবহার্য্যতা, ইহাই পাতিত্যে ও সাম্যে ফলবৈলক্ষণ্য। অব্যবহার্য্যতা প্রতিপাদনের জন্যই সমত্বের অভিধান হইয়াছে, এই শূলপাণির. অথবা কল্পের মীমাংসা দেখিয়া কেহ কেহ বলিতে পারেন যে, যখন সাম্যে প্রায়শ্চিত্তানন্তর অব্যবহার্য্যতা, তখন কি চাণ্ডালসম, কি ম্লেচ্ছসম, সকলেরই প্রায়শ্চিত্তাধিকার আছে, ইহাতে বক্তব্য এই যে, শূলপাণি পাতিত্য ও সাম্যের ফলবৈলক্ষণ্য দেখাইতেছেন, কিন্তু তাহাতে এই বৈলক্ষণ্য যে অবচ্ছেদাবচ্ছেদে দেখাইতে হইবে এরূপ কোন নিয়ম নাই, স্থলবিশেষে দেখাইতে পারিলেই হইবে, তাহাতে যাঁহাদের প্রায়শ্চিত্তাধিকার আছে ( অর্থাৎ চাণ্ডালাদি ) তাঁহাদের সম যাঁহারা, তাঁহাদেরই প্রায়শ্চিত্তাধিকার আছে, সেই স্থলেই ফলবৈলক্ষণ্য থাকিবে, যাঁহাদের আদৌ প্রায়শ্চিত্তাধিকারই নাই, তাঁহাদিগকে অবচ্ছেদাবচ্ছেদে ফলবৈলক্ষণ্য দেখাইবার জন্য কিরূপে প্রায়শ্চিত্তাধিকার দেওয়া যাইতে পারে, এবং তৎসমত্ব তদ্বৎ কর্ম্মানধিকারিত্ব এইরূপ সামান্যাকারে সমত্বপদের অর্থনির্দ্দেশ শূলপাণির কখনই সঙ্গত হইতে পারে না। আর যদি ইহা বলা হয় যে, ম্লেচ্ছসমের যখন প্রায়শ্চিত্তাধিকার নাই, তখন তৎসংসর্গীর প্রায়শ্চিত্ত নিরূপণ কিরূপে হইবে?, ইহাতে বক্তব্য এই যে, অন্ত্যজাগমন জনিত একজাতীয় পাপ, চাণ্ডাল স্ত্রীগমনেও যজ্জাতীয় পাপ, ম্লেচ্ছস্ত্রীগমনেও তজ্জাতীয় পাপ, চাণ্ডালসমের প্রায়শ্চিত্তাধিকার থাকায় তজ্জাতীয় পাপের প্রায়শ্চিত্ত স্থিরীকৃত হইয়াছে; তদনুসারে সকল সংসর্গীর প্রায়শ্চিত্ত নিরূপিত হইবে। এই মতেও সকল পাপেরই প্রায়শ্চিত্ত আছে, কেবল ব্যক্তিগত প্রায়শ্চিত্তাধিকারাভাব এই মাত্র বিশেষ।

যাঁহাদের মতে ম্লেচ্ছসমেরও প্রায়শ্চিত্তাধিকার আছে, তাঁহাদের মতেও প্রায়শ্চিত্তের পরেও

"কামতোঽব্যবহার্য্যস্তু বচনাদিহ জায়তে"

এই ঋষিবচনদ্বারা অব্যবহার্য্যতা হইবে ;

কেহ মীমাংসা করেন,

"কেবলং শাস্ত্রমাশ্রিত্য ন কর্ত্তব্যো বিনির্ণয়ঃ।
যুক্তিহীনবিচারে তু ধর্ম্মহানিঃ প্রজায়তে ॥"

কেবল শাস্ত্রকে আশ্রয় করিয়া নির্ণয় করা কর্ত্তব্য নহে, শাস্ত্র ও যুক্তি উভয়ই আশ্রয়ণীয় কারণ যুক্তিহীন বিচারে ধর্ম্মহানির সম্ভাবনা, অতএব যে ব্যক্তি স্বধর্ম্ম পরিত্যাগ না করিয়া সকল হিন্দুদিগের আচার রক্ষা করিয়া কেবল কামপরতন্ত্র হইয়া যদি জ্ঞানতঃ একবার ম্লেচ্ছপত্নী গমন করে, তাহার পক্ষে যে প্রায়শ্চিত্ত, আর যে ব্যক্তি স্বধর্ম্মত্যাগী, ম্লেচ্ছপত্নী পাণিগ্রহণকারী, দ্বাদশবর্ষাধিক কাল ম্লেচ্ছপত্নীসহবাসী, ম্লেচ্ছপত্নীর গর্ভে সন্তানোৎপাদনকারী, ম্লেচ্ছের সম্পূর্ণ আচারেই এতাবৎকাল জীবনযাপনকারী, তাহারও সেই প্রায়শ্চিত্ত কদাচ যুক্তিসঙ্গত হইতে পারে না। অতএব যাহারা স্বধর্ম্ম ত্যাগ না করিয়া কার্য্যবশতঃ ম্লেচ্ছসাম্য প্রাপ্ত হইয়াছে, তাহাদের ধেনুদানাদিরূপ অনুকল্প প্রায়শ্চিত্ত থাকিলেও যাহারা স্বধর্ম্ম ত্যাগ পূর্ব্বক ম্লেচ্ছসাম্য প্রাপ্ত হইয়াছে তাহাদের মরণ মাত্রই প্রায়শ্চিত্ত, অনুকল্প প্রায়শ্চিত্ত সঙ্গত নহে। তাহা হইলে অত্যন্ত বিষমশিষ্ট (পক্ষপাতিতা) দোষ ঘটে, তাঁহারা পাপক্ষয় জন্য এইরূপ ব্যবস্থা দেন যে—

"অপরিত্যক্তাত্মধর্ম্মস্য আর্য্যাচারসম্পন্নস্য কেবলমিন্দ্রিয়পরতন্ত্রতয়া ম্লেচ্ছপত্ন্যভিগামিনঃ অতএব ম্লেচ্ছসমস্য হিন্দুসন্তানস্য ব্রতাদ্যশক্তৌ দ্বিদ্বাদশবার্ষিকব্রতাদ্যনুকল্পধেনুদানাদিরূপপ্রায়শ্চিত্তাধিকারিত্বেঽপি

'কেবলং শাস্ত্রমাশ্রিত্য ন কর্ত্তব্যো বিনির্ণয়ঃ।
যুক্তিহীনবিচারে তু ধর্ম্মহানিঃ প্রজায়তে ॥

ইতি বচনসামর্থ্যাৎ স্বেচ্ছাপূর্ব্বকপরিত্যক্তাত্মধর্ম্মস্য ম্লেচ্ছনিয়মেন ম্লেচ্ছপত্নীপাণিং পরিগৃহ্নতঃ ম্লেচ্ছপত্ন্যভিগামিনঃ ম্লেচ্ছপত্ন্যাং সন্তানোৎপাদকস্য বেদবিরুদ্ধভাষিণঃ, ম্লেচ্ছখাদ্যখাদ-

কস্য দ্বাদশবর্ষাধিককালং সম্পূর্ণম্লেচ্ছাচারেণৈব জীবনং যাপ-য়তঃ অতএব ম্লেচ্ছপদবাচ্যস্য কস্যচিৎ হিন্দুসন্তানস্য মরণা-সামর্থ্যাসম্ভবাৎ মরণমেবপ্রায়শ্চিত্তং ন তু মরণবৈকল্পিক-ব্রতং তদনুকল্পধেনুদানাদিকং বেতি বিদুষাং পরামর্শঃ।"

যাহাহউক সকল মতেই দেখা যাইতেছে যে, ঈদৃশ ব্যক্তির পুনর্ব্বার হিন্দুসমাজে আসিবার কোন উপায় নাই।

| নাম | সাং |
| --- | --- |
| শ্রীরাজকৃষ্ণ তর্কপঞ্চানন | সাং নবদ্বীপ |
| শ্রীলাল মোহনবিদ্যাবাগীশ | |
| শ্রীরজনীকান্ত বিদ্যারত্ন | |
| শ্রীহরকুমার শিরোরত্ন | সাং বিক্রমপুর |
| শ্রীহরিনাথ স্মৃতিভূষণ | |
| শ্রীহরিদাস বিদ্যারত্ন | |
| মহামহোপাধ্যায় শ্রীকৃষ্ণনাথ ন্যায়পঞ্চানন | সাং পূর্বস্থলী |
| শ্রীদেবীপ্রসন্ন বিদ্যারত্ন | সাং বিল্বপুষ্করিণী |
| শ্রীসুরেন্দ্রনাথ তর্করত্ন | |
| শ্রীক্ষেত্রনাথ বিদ্যারত্ন | |
| শ্রীযদুনাথ সার্ব্বভৌম | |
| শ্রীরামেন্দ্র ন্যায়বাগীশ | সাং ভট্টপল্লী |
| শ্রীশশিভূষণ স্মৃতিরত্ন | সাং যশোহর মড়াইল |
| মহামহোপাধ্যায়শ্রী শ্রীরামশিরোমণি | সাং মুরশিদাবাদ - বহরমপুর |
| শ্রীশশিভূষণ বিদ্যারত্ন | |
| শ্রীরজনীকান্ত ন্যায়রত্ন | |
| শ্রীনৃসিংহচন্দ্র তর্কসরস্বতী | সাং বাঁশবেড়ে |
| শ্রীশ্রীনাথ ন্যায়পঞ্চানন | |
| শ্রীনিমাইচরণ বিদ্যারত্ন | |

| | |
|---|---|
| শ্রীদেবেন্দ্র নাথ স্মৃতিভূষণ<br>শ্রীকৃষ্ণনাথ তর্করত্ন | সাং সমুদ্রগড় |
| শ্রীকুলচন্দ্রশিরোমণি | সাং সুখরিয়া |
| শ্রীকরালীচরণ স্মৃতিতীর্থ | সাং চিত্রশালী |
| শ্রীভগবতীচরণ সার্ব্বভৌম | সাং গুপ্তিপাড়া |
| শ্রীশ্যামাচরণ শিরোরত্ন | সাং উলা |
| শ্রীকালিদাস তর্কপঞ্চানন | সাং ফরাশডাঙ্গা |
| শ্রীযোগীন্দ্র নাথ স্মৃতিতীর্থ | সাং হালিসহর কুমারহট্ট |
| শ্রীমধুসূদন ন্যায়রত্ন | সাং আড়িয়াদাহ |
| শ্রীগোবর্দ্ধন তর্কবাগীশ | সাং রাণাঘাট |
| শ্রীনীলকণ্ঠ স্মৃতিকণ্ঠ | সাং অগ্রদ্বীপ |
| শ্রীমহিমাচন্দ্র বিদ্যারত্ন | চাকদহ |
| শ্রীমধুসূদন তর্কবাচস্পতি | সাং নিমতা |
| শ্রীযদুনাথ শিরোমণি | সাং বরাহনগর |
| শ্রীভগবান্ চন্দ্র বিদ্যালঙ্কার | সাং ভবানীপুর |
| শ্রীমধুসূদন স্মৃতিরত্ন<br>শ্রীকামাখ্যানাথ তর্কবাগীশ | কলিকাতা<br>সংস্কৃত কলেজ |
| শ্রীচন্দ্রশেখর চূড়ামণি | হাতির বাগান |
| শ্রীরাজকুমার ন্যায়রত্ন | শ্যামপুকুর |
| শ্রীশশধর তর্কচূড়ামণি | হোগোল কুঁড়ে |
| শ্রীশ্যামাচরণ শর্ম্মণাম্<br>শ্রীচণ্ডীচরণ স্মৃতিভূষণ | গরানহাট্টা |
| শ্রীউমেশচন্দ্র শিরোমণি | সাং নিমতলা |

শ্রীযুক্ত জীবানন্দ বিদ্যাসাগর লিখিয়াছেন—তাঁহার পিতার দত্ত ব্যবস্থা

যাহা শম্ভুচন্দ্র ন্যায়রত্নের কৃত তর্কবাচস্পতির জীবন চরিতে, মুদ্রিত আছে. "যদি কোন পণ্ডিতের ক্ষমতা থাকে তাহার প্রতিবাদ করুন।" সে ব্যবস্থাটি সাধারণের অবগতির জন্য এখানে উদ্ধৃত করা হইল. তাহাতে এইরূপ লিখিত আছে, "আজ কাল ভারতবর্ষীয় যুবা পুরুষেরা বিদ্যাধ্যয়নার্থ ইংলণ্ডে যাইতেছেন ১৮৭০ খৃঃ অব্দে বাচস্পতি মহাশয় এ সম্বন্ধে শাস্ত্র সম্বন্ধীয় নিম্নলিখিত ব্যবস্থা মুদ্রিত করিয়া প্রকাশ করেন, ঐ ব্যবস্থাতে বাচস্পতি মহাশয় এই মত প্রকাশ করিয়াছেন, যদি বিদ্যার্থীরা স্বীয় স্বীয় বর্ণধর্ম্মানুযায়ী নিত্য নৈমিত্তিক সন্ধ্যাবন্দনাদির অনুষ্ঠান করিয়া এবং ম্লেচ্ছদিগের অন্নাদি ভক্ষণ না করিয়া, বিলাতে বিদ্যাধ্যয়ন করিতে যান, তাহা হইলে, শাস্ত্রানুসারে কোন পাপ নাই, বাচস্পতি মহাশয়ের প্রদত্ত সমুদ্রযাত্রা সম্বন্ধীয় ব্যবস্থা যথা" —

"সমুদ্রযানগমনদোষমীমাংসা"

"বাণিজ্যরাজাজ্ঞাদিনিমিত্তকসমুদ্রনৌযানে তৎকালে স্বধর্ম্মানুষ্ঠানে ম্লেচ্ছাদিভিগুরুতরসংসর্গাভাবে চ দ্বিজানাং প্রায়শ্চিত্তাভাবঃ অব্যবহার্য্যতাভাবশ্চ। ধর্ম্মার্থসমুদ্রযানগমনে তু স্বধর্ম্মত্যাগে ম্লেচ্ছাদিভিগুরুতরসংসর্গে চ কৃতপ্রায়শ্চিত্তানামপি দ্বিজানামব্যবহার্য্যতা শূদ্রাণান্তু প্রায়শ্চিত্তাচরণে ব্যবহার্য্যতেতি বিশেষঃ।"

বিদ্যাসাগর এই ব্যবস্থাটির প্রতিবাদ করিতে বলিয়াছেন; অতএব, ইহাতে ধর্ম্মের জন্য যে ব্যক্তি সমুদ্রযানে গমন করিবেন, অর্থাৎ পূর্ব্বে দ্বাপরে নিয়ম ছিল—কোন গুরুতর পাপ করিলে পাপিকে সমুদ্রযানে সমুদ্র উল্লঙ্ঘন করিতে হইত—তাহা হইলেই তাহার পাপের প্রায়শ্চিত্ত করা হইত, কলিতে সে ব্যবস্থা না থাকায়, যদি কোন ব্যক্তি তাহা করেন, তাহা হইলে, সেই ব্যক্তি ব্রাহ্মণ হইলে তাঁহার পাপক্ষয় হইবে, ব্যবহার্য্য হইবেন না, আর শূদ্র হইলে উভয়ই হইবে, বলিয়া বাচস্পতি মহাশয় যাহা স্থির করিয়াছেন, তাহা মাষ্টার দত্তের কার্য্য সকলের সহিত কিছুমাত্র সাদৃশ্য না থাকায়, উহা মাষ্টার দত্তের কৃত কার্য্যের প্রায়শ্চিত্তব্যবস্থা হইতে পারে না বলিয়া. উহার কোন প্রতিবাদ অনাবশ্যক। বাচস্পতি মহাশয় আর যে 'স্বধর্ম্মত্যাগে' এই কথাটীর উল্লেখ

করিয়াছেন, ইহার তাৎপর্য্য এই যে স্বীয় নিত্যনৈমিত্তিক সন্ধ্যাবন্দনাদির ত্যাগ, নতুবা আর্য্যধর্ম্ম পরিত্যাগপূর্ব্বক যে ম্লেচ্ছধর্ম্মগ্রহণ এইরূপ অর্থ নহে, অতএব এই ব্যবস্থা যে কিরূপে খৃষ্টানের উদ্ধারের ব্যবস্থা হইল তাহা বিদ্যাসাগর মহাশয়ই বলিতে পারেন। বিশেষ, বিদ্যাসাগর মহাশয় যে বলিয়াছেন যে,—

"যদি কোন পণ্ডিতের ক্ষমতা থাকে প্রতিবাদ করুন,"

তাহা নিতান্ত অসাধ্য, কারণ উহার প্রতিবাদ করিতে হইলে ব্যবস্থাপকের সহিত প্রতিবাদ করিতে হয় তাহা করিতে সক্ষম এরূপ ক্ষমতাবান্ লোক সাধারণতঃ বিরল।

শ্রীকামাখ্যানাথ তর্কবাগীশস্য।

কায়স্থ ভদ্র সন্তানগণ, যাঁহারা অজানত মাষ্টার দত্তের এই কল্পিত (স্বেচ্ছাচারানুমত) কার্য্যের সভায় উপস্থিত হইয়াছিলেন, তাঁহারা এক্ষণে পণ্ডিতমণ্ডলীর এই ব্যবস্থায় যখন জানিতে পারিলেন যে, সে ব্যক্তি সমগ্র পণ্ডিতমণ্ডলীর মতেই সমাজে অব্যবহার্য্য, তখন তাঁহাদিগের মাষ্টার দত্তের সংস্রব পরিত্যাগ না করিয়া হিন্দু সমাজকে অনর্থক কলুষিত করা কর্ত্তব্য নহে ইতি।

কলিকাতা<br>সন ১৩০১ সাল<br>মাহ আশ্বিন

শ্রীরাজেন্দ্রনারায়ণ দেবস্য।<br>
শ্রীনবীনচাঁদ দত্ত দাসস্য।<br>
শ্রীকুমুদকৃষ্ণ মিত্র দাসস্য।<br>
শ্রীনন্দলাল বসু দাসস্য।<br>
শ্রীরমানাথ ঘোষ দাসস্য।<br>
শ্রীবলাইচাঁদ সিংহ।<br>
শ্রীঅনাথনাথ দেব।<br>
শ্রীশ্রীগোপাল বসু মল্লিক।<br>
শ্রীসারদাপ্রসাদ ঘোষ দাসস্য।

প্রকাশকগণ

১৮ নং আমহার্ষ্ট ষ্ট্রীট্স্থ নিউব্রিটেনিয়া প্রেসে শ্রীঅম্বিকা চরণ সোম দ্বারা মুদ্রিত।